দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 17 ■ 25th April, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



URGENT VACANCY

Post - TEACHER

TGT/PGT: Mathematics, Physics, Chemistry (M.Sc., B.Ed.) • Salary : Standard

Post -Administrator

Experience - Minimum 5 years • Salary : Standard

6295073753 | Please Send your Biodata : evangelps2018@gmail.com

EVANGEL PUBLIC SCHOOL (CBSE) | Chatra, 24 Pgs (N)


কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের ফেজ- XIV পরীক্ষার মাধ্যমে

## ৩,০০৩ ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, স্টেনো

**মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ন্যাশনাল টেস্ট হাউস, জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া, ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট, ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি, সেন্ট্রাল সিল্ক বোর্ড-সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে কাজের জন্য ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, জুনিয়র ইঞ্জিনিয়ার, স্টোরকীপার গ্রেড-।।, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট, প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট কাম গার্ডেন ওভারসিয়ার, সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বায়োলজি, কেমিস্ট্রি), স্টেনোগ্রাফার গ্রেড-।, ফিল্ড অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক এরপর ১১ পাতায়


ICE Academy

SSC, Rail ও Bank কোর্স

সেরা প্রশিক্ষকদের ক্লাস

WBCS ও WBPSC কোর্স

বিশেষজ্ঞদের ফ্রি গাইডেন্স

বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে

9804412898

7044517509


পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে

## ১ হাজার সহকারী অধ্যাপক

দরখাস্ত করার শেষ তারিখ ১৫ মে

**পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের কলকাতা, বর্ধমান, বিদ্যাসাগর, কল্যাণী, উত্তরবঙ্গ, বারাসাত, গৌরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধীন সব কলেজগুলিতে 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদে ১ হাজার ছেলেমেয়ে নেওয়ার যে খবর বেরিয়েছিল, তার দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ১৫ মে করা হয়েছে। প্রার্থীদের সুবিধার জন্য এই পদের বেলায় বয়স, শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি তথ্য আবার দেওয়া হল : এরপর ১২ পাতায়

কলকাতার ১১৬টি আইটি কোম্পানিতে

## ৪২,৩১২ AI বেসড ডিজিটাল মার্কেটিং প্রফেশনাল

শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা

**প্রমা দাস, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা IBM এর সিইও অরবিন্দ কৃষ্ণ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৬ মাসে ৮,৩০২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৪,৫০০ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। এরপর ৪ পাতায়

## রেলে ৮৪ চাকরি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড 'হসপিটালিটি মনিটর' হিসাবে ৮৪ জন লোক নিচ্ছে।

হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্টের ডিগ্রি কোর্স পাশরা এরপর ৩ পাতায়

TCS, Infosys, Wipro সহ প্রথম সারির আইটি কোম্পানিতে

## সামনের ৬ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,৩১২ চাকরি

মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের**

**সৈকত হালদার, কলকাতা :** দেশের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোম্পানি Infosys গত মাসে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে ৩,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছে। আবার Wipro এবছরের প্রথম ৩ মাসে এই বিভাগে ৫,০১২ জনকে চাকরি এরপর ৫ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ১৮২ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, ফরিদাবাদ :** কেন্দ্রীয় সরকারি সংস্থা এন.এইচ.পি.সি. লিমিটেডের বিভিন্ন পাওয়ার স্টেশনে কাজের জন্য 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' ও 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ১৮২জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে যোগ্য :

আই.টি.আই. অ্যাপ্রেন্টিস : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান, ফিটার, প্লাম্বার, ওয়েল্ডার, মেশিনিস্ট, কার্পেন্টার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য এরপর ২ পাতায়

## কেন্দ্রীয় সংস্থায় ৬৬৮ ডিপ্লোমা ট্রেনি

**আই.টি.আই ও ডিপ্লোমা পাশদের**

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)', ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রনিক্স) ও 'ডিপ্লোমা ট্রেনি (সিভিল)' পদে ৬৬৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) : পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৭,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৪,০০০-১,০৮,০০০ টাকা। এরপর ৫ পাতায়

## রেলের NTPC পরীক্ষা ৭ মে থেকে

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** রেলের নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (এন.টি.পি.সি.)-এর বিজ্ঞপ্তি নং ০৭/২০২৫'এর এরপর ৩ পাতায়

## রিজার্ভ ব্যাঙ্কে ১১ জুনিয়র ইঞ্জিনিয়ার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল / ইলেক্ট্রিক্যাল)' পদে ১১ জন ছেলেমেয়ে নিচ্ছে। এরপর ২ পাতায়

ডিজিটাল যুগে নতুন ধরনের ব্যবসা

## ডিজিটাল স্কিল ট্রেনিং হাব'এর মাধ্যমে মাসে ২ লাখ টাকা আয়ের সুযোগ

**পারমিতা মিত্র, কলকাতা :** সারা দেশ জুড়ে শিক্ষা ও কর্মসংস্থানের চিত্র দ্রুত বদলাচ্ছে। এখন আয়ের উৎসের অনেকটাই ডিজিটাল। কিন্তু এই নতুন যুগের সাথে তাল মিলিয়ে, আপনার আয় কীভাবে বাড়বে— জানা নেই! সবাই বলছে 'ডিজিটাল' মার্কেটিং জানা থাকলেই— মাসে একটি হ্যান্ডসাম আয়ের সুযোগ আছে। এরপর ৩ পাতায়

## জীবনবিমায় ১৮০ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** এল.আই.সি. হাউসিং ফিনান্স লিমিটেড 'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদে ১৮০ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মোট অন্তত ৫৫% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-৪-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৬ থেকে ১-৪-২০০৫'এর। শুরুতে মাইনে মাসে প্রায় ৪১,৫০৯ টাকা। শুরুতে ৬ মাসের প্রবেশন। শূন্যপদ : ১৮০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গের এরপর ১২ পাতায়

উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে ২৯ ও ৩০ মে

## মালদহে ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

**দুয়ারে কর্মসংস্থান**

**নিজস্ব প্রতিনিধি, মালদহ :** মালদহ জেলায় এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন তাঁরা ভালো কেরিয়ার তৈরি করার জন্য কোন বিষয় নিয়ে পড়বেন অথবা এখনই ভালো মাইনের চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স পড়বেন, তা নিয়ে ভাবছেন? এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ.এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিলের মতো পেশাদার কোর্স পড়ানো হয় আর এইসব কোর্সের ভবিষ্যতই বা কেমন তা নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ, কর্তৃপক্ষের সঙ্গে কথা বলতে মালদহেই 'ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। এরপর ৩ পাতায়


গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন

রেলের গ্রুপ 'ডি'

ও

WBCS প্রিলিমিনারি

পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সাফল্য সাফল্য

প্রতিটি মাত্র ৩০০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

**স্কুল-কলেজ-শিক্ষা**

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.

R

**স্কুল-কলেজ-শিক্ষা**

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213

CM

RO Water Purifier কোর্স করুন। দৈনিক আয় 700+ সম্ভব। ভর্তি চলছে। M - 9641732606

SH

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**কর্মখালি**

HOTEL MGMT. কোর্স ও চাকরি একসাথে করার সুবর্ণ সুযোগ MP/HS দের জন্য। VIHM - 9831132768

SA

**চাকরির জন্য টাকা দেবেন না**

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

**কর্মখালি**

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

**100% জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630

SA(A)

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

**কর্মখালি**

**URGENT HIRING**
AIRPORT-এ কন্ট্রাক্টরের অধীনে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা: HS-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22,700/-– 68,000/-. থাকা ও খাওয়া ফ্রী। M : 8535975379

SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

**কর্মখালি**


**JOB VACANCY**
East-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: H.S-স্নাতক ও উর্ধ্বে। বয়স : 18–45, বেতন : (21500 – 68900), M : 9073216314

SA(A)

**বিশেষ বিজ্ঞপ্তি**

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**




## কেন্দ্রীয় সংস্থায় ১৮২ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

আবেদন করতে পারেন। ১ বছরের ট্রেনিং। ট্রেনিংয়ের সময় অ্যাপ্রেন্টিস আইনানুযায়ী স্টাইপেন্ড পাবেন। স্টাইপেন্ড মাসে ১২,০০০ টাকা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ই অ্যান্ড সি, কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজি)** : ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি (বি.ই., বি.টেক., বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (এইচ. আর. এক্সিকিউটিভ)** : এম.বি.এ., পি.জি.ডি.এম. (এইচ.আর/পি.এম. অ্যান্ড আই.আর./এইচ.আর.এম./ এম.এস.ডব্লু.) কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১৫,০০০ টাকা।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস** : সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ই.অ্যান্ড সি., নার্সিং /জি.এন.এম, ফার্মাসি, এক্স-রে টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ১৩,৫০০ টাকা।

**কোন পাওয়ার স্টেশনে ক'টি শূন্যপদ :**

**ধৌলিগঙ্গা পাওয়ার স্টেশনে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ফিনান্স এক্সিকিউটিভ) ১টি, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল ৪টি, ইলেক্ট্রিক্যাল ৩টি, ফার্মাসি ১টি, এক্স-রে ১টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান-৩টি, প্লাম্বার ১টি, ফিটার ১টি, ওয়েল্ডার ১টি)।

**তিস্তা-VI হাইড্রোইলেক্ট্রিক প্রোজেক্টে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (এইচ.আর. এক্সিকিউটিভ ২টি, পি.আর. এক্সিকিউটিভ ১টি, রাজভাষা অ্যাসিস্ট্যান্ট ১টি, ফিনান্স এক্সিকিউটিভ ১টি, কম্পিউটার সায়েন্স ১টি, ই. অ্যান্ড সি ১টি, মেকানিক্যাল ১টি)। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল ৩টি, ইলেক্ট্রিক্যাল ১টি, মেকানিক্যাল ১টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (প্লাম্বার ১টি, ফিটার ১টি, কম্পিউটার অপারেটর ২টি)।

**উরি পাওয়ার স্টেশনে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল ২টি, সিভিল ১টি, মেকানিক্যাল ১টি, ফিজিওথেরাপি অ্যাসিস্ট্যান্ট ১টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান ১৫টি, প্লাম্বার ৪টি, কম্পিউটার অপারেটর ১টি, মেশিনিস্ট ৩টি, ওয়েল্ডার ৩টি)।

**সেবা-।। পাওয়ার স্টেশনে শূন্যপদ** : ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল ১টি, ইলেক্ট্রিক্যাল ১টি, মেকানিক্যাল ১টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (প্লাম্বার ২টি, ইলেক্ট্রিশিয়ান ৭টি, কার্পেন্টার ১টি)।

**কিষাণগঙ্গা পাওয়ার স্টেশনে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল ১টি, মেকানিক্যাল ১টি)। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (নার্সিং ৫টি, ফার্মাসি ২টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান ২টি, কম্পিউটার অপারেটর ৪টি)।

**চামেরা -।। পাওয়ার স্টেশনে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (নার্সিং অ্যাসিস্ট্যান্ট ১টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (প্লাম্বার ১টি, ফিটার ১টি, কম্পিউটার অপারেটর ১৫টি, ইলেক্ট্রিশিয়ান ৪টি, ওয়েল্ডার ১টি)।

**পার্বতী-।। হাইড্রোইলেক্ট্রিক প্রোজেক্টে শূন্যপদ** : ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (জি.এন.এম. / নার্সিং ২টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান ৮টি, প্লাম্বার ২টি, ফিটার ২টি, মেশিনিস্ট ২টি, কম্পিউটার অপারেটর ১২টি)।

**সুবানসিরি লোয়ার এইচ.ই.পি. -তে শূন্যপদ** : ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস (সিভিল ৩টি, ইলেক্ট্রিক্যাল ৮টি, মেকানিক্যাল ৩টি, ই.অ্যান্ড সি ২টি)। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান ৭টি, প্লাম্বার ৩টি, ফিটার ২টি, ওয়েল্ডার ২টি, কার্পেন্টার ২টি)।

**রিজিয়ন অফিস, জম্মুতে শূন্যপদ** : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (এইচ.আর. এক্সিকিউটিভ ১টি, কম্পিউটার সায়েন্স ২টি, সুপারভাইজর -এইচ.আর. ৩টি)।

বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। কোনো ইন্টারভিউ নেই। এই পদের বিজ্ঞপ্তি নং : No. NH/Rectt./01/2026.

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে ৬ মে'র মধ্যে। আই.টি.আই. প্রার্থীদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeship.gov.in গ্র্যাজুয়েট / ডিপ্লোমা প্রার্থীদের বেলায় এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রিজার্ভ ব্যাঙ্কে ১১ জুনিয়র ইঞ্জিনিয়ার

১ পাতার পর

মোট অন্তত ৬৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে সিভিল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৫৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে সিভিল বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৪-২০২৬'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৪-১৯৯৬ থেকে ১-৪-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) আর বিধবা-বিবাহবিচিছন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ বছর বয়সে ছাড় পাবেন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। মূল মাইনে : ২৯,০০০-৭৮,৬৪০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৪৭,৭০০ টাকা।

কোন অফিসে ক'টি শূন্যপদ : জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) পদে — পূর্বাঞ্চল জোনে ১টি (জেনাঃ), পশ্চিমাঞ্চল জোনে ৪টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। উত্তরাঞ্চল জোনে ১টি (জেনাঃ)। মধ্যাঞ্চল জোনে ১টি (জেনাঃ)।

জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) পদে — পশ্চিমাঞ্চলে জোনে ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১টি)। দক্ষিণাঞ্চল জোনে ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাইয়ের অনলাইন টেস্ট হবে ৬ জুন। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এই ৩টি বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) ইঞ্জিনিয়ারিং পেপার-।- ১০০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) ইঞ্জিনিয়ারিং পেপার-।। -১০০ নম্বরের ৪০টি প্রশ্ন। (৪) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ১৫০ মিনিট। এরপর ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.rbi.org.in এজন্য প্রথমে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে (ফটোর মাপ হতে হবে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে)। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে (সিগনেচারের মাপ হতে হবে ১০ থেকে ২০ কে.বি.'র মধ্যে)। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন : 'I (name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, ture and valid. I will present the supporting documents as and when required.' এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এছাড়াও ই-মেলে বা, এস.এম.এস.'এ রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠানো হবে। যেসব তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন, সেগুলি ৩ বার এডিট করার সুযোগ পাবেন। সব শেষে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফী বাবদ ৪৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৫০) টাকা দিতে হবে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন মাস্টার / ভিসা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার অন্তত ২ দিন পর আপনার মোবাইল বা, ই-মেলে কনফার্মেশন এস.এম.এস. বা, ই-মেল পাবেন। এজন্য সঠিক মোবাইল নম্বর বা, ই-মেল আই.ডি. দেবেন। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট ও অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন, যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## সুগার টেকনোলজি, সুগার ইঞ্জিনিয়ারিংয়ের সার্টিফিকেট ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স

**নিজস্ব সংবাদদাতা, কানপুর** : কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে 'সুগার টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা', 'সুগার ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা', 'ইন্ডাস্ট্রিয়াল ফার্মেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা', 'সুগার ইঞ্জিনিয়ারিংয়ের সার্টিফিকেট' ও 'কোয়ালিটি কন্ট্রোলের সার্টিফিকেট' কোর্সে ভর্তি শুরু হয়েছে। কারা কোন কোর্সে ভর্তির জন্য যোগ্য :

**সুগার টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা** : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সীট : ৬৬টি।

**সুগার ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা** : মেকানিক্যাল, প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সীট : ৬২টি।

**ইন্ডাস্ট্রিয়াল ফার্মেন্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা** : কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি বা, বায়োকেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। বায়োটেকনোলজির বি.টেক. কোর্স পাশরাও যোগ্য। সীট : ৫০টি।

ওপরের সব কোর্সের বেলায় এবছরের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই হবে অ্যাডমিশন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ৭ জুন, কলকাতা, পটনা, চেন্নাই, কানপুর, পুণে ও দিল্লিতে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১ জুন থেকে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ মে'এর মধ্যে। এই ওয়েবসাইটে : http://nsi.gov.in অনলাইনে দরখাস্ত করার সময় পরীক্ষা ফী বাবদ ১,৫০০ (তপশিলী হলে ১,০০০) টাকা অনলাইনে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# কীভাবে আর্টস ব্যাকগ্রাউন্ড থাকা সত্ত্বেও ডিজিটাল মার্কেটিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



রবিকান্ত সিং
ডিজিটাল মার্কেটার

আমি, রবিকান্ত সিং, ২০২৩ সালে ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে ইতিহাসে গ্রাজুয়েশন (বিএ) পাশ করি। তারপর দীর্ঘ ২ বছর ধরে চাকরির খোঁজে ইন্টারভিউ দিয়েছি। কোথাও আমাকে 'রিজেক্ট' করেছে — কোথাও আমি 'রিজেক্ট' করেছি। কিন্তু একটা কোথাও আশা ছিল, 'কর্মসংস্থান' আমার হবেই। কিন্তু কীভাবে? উত্তরটা পেলাম ২০২৫ সালের মাঝামাঝি। আমি দীর্ঘদিন ধরে প্রতি সপ্তাহে 'কর্মসংস্থান' কাগজটা পুরোটা হাতে নিয়ে পড়ি। এখানেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অনটন। তাই যখন সাপ্তাহিক কর্মসংস্থান কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। ৪ থেকে ৬ মাসের মধ্যে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন টেকনোলজি নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৪ থেকে ৬ মাসের মধ্যে আমার স্বপ্নের আইটি ইন্ডাস্ট্রিতে ভালো মাইনের চাকরি পাব, তার একটা গাইডলাইন প্রথম দিনই আমি পেয়ে গেছিলাম। আমি ইতিহাসের ব্যাকগ্রাউন্ড থেকে আসলেও, ওখানকার কাউন্সেলিংয়ের পর আমার মনে হয়েছিল 'আমি পারব'। কাউন্সিলারদের পরামর্শ মত আমি Digital Marketing কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত SEO, Website Design, Blogging, Facebook-Insta Promotional Marketing, Webpage handling, Webpage designing ইত্যাদি কী টেকনোলজিস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট এলএলসি-এর মতে আগামী ২ বছরের মধ্যে ওয়েব ডেভেলপারের চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১০-১২ হাজার লোক লাগে) ২৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা মডার্ন, ডায়নামিক ও স্কেলেবেল ওয়েব অ্যাপ্লিকেশন অত্যন্ত সুচারুভাবে নিমেশে তৈরি করে দিতে পারে — যা কোম্পানিকে তার প্রতিযোগীদের থেকে অনেকটাই এগিয়ে দেয়। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। এবছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি কলকাতার একটি নামী ফাইনান্সিয়াল সংস্থায় ডিজিটাল মার্কেটার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে ৩,০০,০০০ টাকা রোজগার করি — যা আমার কলেজের ব্যাচমেটদের মধ্যে কেউ রোজগার করে না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৪থেকে ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

## রেলে ৮৪ চাকরি

১ পাতার পর

যোগ্য। বি.বি.এ. /এম.বি.এ. (কুলিনারি আর্টস), এম.বি.এ. (ট্যুরিজম অ্যান্ড হোটেল ম্যানেজমেন্ট) কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১-৪-২০২৬'এর হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। পারিশ্রমিক মাসে ৩০,০০০ টাকা। শূন্যপদ : ৮৪টি। ২ বছরের চুক্তিতে নেওয়া হবে। প্রয়োজনে আরো ১ বছর বাড়ানো হতে পারে। এই পদের বিজ্ঞপ্তি নং : 2026/IRCTC/SZ/HRD/Rectt./Hospitality Monitors, Dated: 01.04.2026.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে চেন্নাইয়ে ২৫, ২৭ ও ২৮ এপ্রিল, এই ঠিকানায় : 6A, The Rain Tree Place, No. 9, Mc Nichols Road, Chetpet, Chennai-600 031. তখন সঙ্গে নিয়ে যাবেন যাবতীয় প্রমাণপত্রের মূল ও জেরক্স কপি।

## রেলের NTPC পরীক্ষা

১ পাতার পর

আন্ডার গ্র্যাজুয়েট ক্যাটেগরির কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি- ।) হবে ৭, ৮, ৯ মে ও ১৩, ১৪ জুন ও ১৬ থেকে ২১ জুন। পরীক্ষার কেন্দ্র ও ট্রাভেল পাস সংক্রান্ত তথ্য পাবেন পরীক্ষার ১০ দিন আগে থেকে। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন পরীক্ষার ৪ দিন আগে থেকে। এই ওয়েবসাইটে : www.rrbapply.gov.in

# CBSE অনুমোদিত স্কুলে শিক্ষক-শিক্ষিকা ও অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : CBSE অনুমোদিত উত্তর ২৪ পরগনার Evangel Public School 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' ও 'অ্যাডমিনিস্ট্রেটর' পদে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও পোস্ট-গ্র্যাজুয়েট টিচার নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয়ের এম.এসসি. কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' / 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' পদের জন্য আবেদন করতে পারেন। মাইনে মাসে ১০ হাজার থেকে ১৫ হাজার টাকার মধ্যে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কোনো সংস্থায় প্রশাসক হিসাবে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে 'অ্যাডমিনিস্ট্রেটর' পদের জন্য যোগ্য। আকর্ষণীয় মাইনে।

সব ক্ষেত্রেই অন্যান্য সুযোগ সুবিধা আছে। আগ্রহী ছেলেমেয়েরা আগামী ১০ দিনের মধ্যে সম্পূর্ণ বায়োডাটা ই-মেল করুন এই নম্বরে : evangelps2018@gmail.com যোগাযোগের ঠিকানা : Evangel Public School (CBSE), Chatra, 24 Pgs (North), Ph: 6295073753.

# ডব্লু.বি.সি.এস. 'ডি' গ্রুপের চূড়ান্ত ফল বেরোল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. মেনস'এর গ্রুপ-ডি পদের চূড়ান্ত ফল বেরোল। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in

গ্রুপ-ডি পদে সফল হয়েছে ৩২২ জন প্রার্থী। এর মধ্যে জেনাঃ ১৬৭, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৩৪, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২১, তঃজাঃ ৬৬, তঃউঃজাঃ ২০, প্রতিবন্ধী ৯, মেধাবী খেলোয়াড় ৫)। গ্রুপ-ডি'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ৭৮৮.২৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৭৭৩.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৭৮০.২৫, তপশিলী জাতি ৭১৯, তপশিলী উপজাতি ৬৩৬.৫, প্রতিবন্ধী-এ ৬৩৯.২৫, প্রতিবন্ধী -বি -৬১৭.৫, প্রতিবন্ধী -সি ৬৩৬.২৫, প্রতিবন্ধী -ডি ৪০৫, মেধাবী খেলোয়াড় ৬৭৭.৫৮।

## মালদায় ইন্টারঅ্যাক্টিভ কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট এখন পুরোপুরি বদলাচ্ছে। সরকারি ও বেসরকারি কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স দেওয়া হবে এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও Appointment & Career News-এর উদ্যোগে ২৯ ও ৩০ মে, শুক্রবার ও শনিবার মালদহ জেলা শহরের সাহাপুরের লাগোয়া বি.এম. গ্র্যান্ড হোটেলে 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফীতে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দেওয়া হবে। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়, তার খোঁজখবর পাবেন। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্ত থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিস্তারিত জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এবার মালদহর ছেলেমেয়েদের জন্য 'দুয়ারে **কর্মসংস্থান**'। মেলায় 'কর্মসংস্থান', 'সাফল্য', 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টলে এসে যেকেউ চাকরির বিভিন্ন পরীক্ষা নিয়ে তাঁদের যাবতীয় প্রশ্নের উত্তর পাবেন সরাসরি।

## ডিজিটাল স্কিল ট্রেনিং হাব'এর মাধ্যমে

১ পাতার পর

কিন্তু সত্যিই কি তাই? ঠিক কীভাবে, আর ঠিক কী জানা থাকলে ডিজিটাল স্কিল ব্যবহার করে মাসে ২ লাখ থেকে আরো বেশি টাকা আয়ের সুযোগ তৈরি করা যাবে? সম্প্রতি ডিজিটাল ইন্ডিয়ার একটি সমীক্ষা থেকে জানা গেছে— শহর বা শহরাঞ্চলের তুলনায় এখনও ছোট শহর ও গ্রামাঞ্চলে অসংখ্য মেধাবী ছেলেমেয়ে সঠিক স্কিল ট্রেনিংয়ের সুযোগ থেকে বঞ্চিত। আর ঠিক এই বিশাল 'গ্যাপ'টাই আজকের দিনে দাঁড়িয়ে ব্যবসার সবচেয়ে 'বড়' সুযোগ খুলে দিয়েছে। আর সেই সুযোগকেই বাস্তবে রূপ দিচ্ছে TalentRoots— একটি সম্পূর্ণ প্রস্তুত, পরীক্ষিত ও স্কেলযোগ্য ডিজিটাল এডুকেশন ফ্র্যাঞ্চাইজি মডেল। যা আপনাকে দেয় একটি সম্পূর্ণ রূপে তৈরি ইন্ডাস্ট্রি ডিজাইন্ড ডিজিটাল মার্কেটিং কোর্স, সেন্ট্রালাইজড অ্যাকাডেমিক সাপোর্ট, মার্কেটিং গাইডেন্স ও একটি ডিজিটালি জনপ্রিয় ব্র্যান্ড। একথা মানতেই হবে, যে আজকের চাকরির বাজারে Digital Marketing, Content Creation, Website Development, Video Editing-এর মতো প্রফেশনাল স্কিলের চাহিদা খুব দ্রুত বাড়ছে। কিন্তু সেই অর্থে বিভিন্ন জেলায় এই ধরনের প্রশিক্ষণের ব্যাপক ঘাটতি রয়েছে। ফলে আপনি যখন এইসব চাকরিমুখী কোর্স আপনার এলাকায় চালু করবেন, তখন আপনাকে আর আলাদা করে ছেলেমেয়ে খুঁজতে হবে না। তারা নিজেরাই আপনার সঙ্গে যোগাযোগ করবে। কারণ তারা জানে আজকের দিনে দাঁড়িয়ে চাকরি পেতে হলে, ডিজিটাল স্কিলের গুরুত্ব কী অপরিসীম। এই plug-and-play মডেলে আপনাকে নতুনভাবে কিছু তৈরি করতে হবে না— TalentRoots-ই আগে থেকে আপনার প্রয়োজন বুঝে, সব ইনবিল্ট সিস্টেম তৈরি করে রেখেছে— আপনার কাজ শুধু এলাকার লোকাল মার্কেটে সেটআপ করা, ছেলেমেয়ে ভর্তি করা ও সুষ্ঠভাবে ক্লাস পরিচালনা করা। কোর্স কারিকুলামে রয়েছে SEO, Google Ads, Social Media Marketing, Website Creation (WordPress), YouTube Marketing, Email Marketing, Affiliate Marketing, Google Analytics, Graphic Design, Video Editing, Creative Ads Writing এবং Short-form Video— যা ছেলেমেয়েদের চাকরি পেতে, বা ফ্রিল্যান্সিং করতে বা নিজের ব্যবসা দাঁড় করানোর ক্ষেত্রে ব্যাপকভাবে কাজে লাগবে। TalentRoots-এর দীর্ঘদিনের অভিজ্ঞতা, হাজার হাজার শিক্ষার্থী ও সফল প্লেসমেন্টের রেকর্ড ও Google ও Meta-এর মতো গ্লোবাল প্ল্যাটফর্মের সঙ্গে সংযোগ এই ব্যবসাকে করে তোলে অত্যন্ত বিশ্বাসযোগ্য। এই মডেলটি শুধুমাত্র একটি কোচিং সেন্টার নয়, বরং একটি recurring income system যেখানে কম ইনভেস্টমেন্টে শুরু করে আপনি মাসিক আয়ের একটি স্থায়ী উৎস তৈরি করতে পারবেন। আপনার রিটার্ন অন ইনভেস্টমেন্ট (ROI) দ্রুত পাবেন। খুব সহজেই আপনি ধীরে ধীরে আপনার সেন্টারকে বড় স্কেলে নিয়ে যেতে পারবেন। আপনি যদি ইতিমধ্যেই একটি কম্পিউটার ট্রেনিং সেন্টার, কোচিং ইন্সটিটিউট বা ডিজিটাল এজেন্সি চালান, অথবা নতুনভাবে একটি ভবিষ্যত-নির্ভর ব্যবসা শুরু করতে চান, তাহলে এটি আপনার জন্য একটি আদর্শ সুযোগ— কারণ খুব অল্প সেটআপ দিয়েই আপনি এই ব্যবসা শুরু করতে পারেন। ইতিমধ্যেই হলদিয়া, ব্যারাকপুর, বহরমপুর, ধুলিয়ান, মালদা, আরামবাগ এর মতো জায়গায় আমাদের এই মডেল চালু হয়ে গেছে। শুধু ব্যবসা নয়, এই উদ্যোগের মাধ্যমে আপনি আপনার এলাকার যুব সমাজকে স্কিলড করে তাদের ক্যারিয়ার গড়তে সাহায্য করবেন এবং একইসঙ্গে নিজেও একটি লাভজনক ও স্কেলযোগ্য ব্যবসার মালিক হবেন। আজকের দিনে ডিগ্রির চেয়ে স্কিল বেশি গুরুত্বপূর্ণ, আর সেই স্কিল শেখানোর ব্যবসাই আগামী দিনের সবচেয়ে শক্তিশালী ইন্ডাস্ট্রি— তাই দেরি না করে TalentRoots-এর সঙ্গে যুক্ত হয়ে আপনার শহরে আজই শুরু করুন ডিজিটাল এডুকেশনের বিপ্লব এবং নিজের ভবিষ্যৎকে নিয়ে যান এক নতুন উচ্চতায়। কীভাবে মাসে মাত্র ৫০ হাজার টাকা বিনিয়োগ করে ২ লাখ টাকা বা আরো বেশি অর্থ রোজগার করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9330523545 / 9147111699।

**মাসে মাত্র ৫০ হাজার টাকা বিনিয়োগ করে ২,০০,০০০ টাকা বা তার থেকে বেশি অর্থ রোজগারের সুবর্ণ সুযোগ এনে দিচ্ছে এই ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল টাইআপ মডেল**

**CACES SUCCESS W.B.C.S**

অতি সম্প্রতি PSC WB 2022-এর WBCS পরিক্রমা শেষ করেছে। তাই এখন রইল পড়ে 2023, 2024 ও 2025 এর নিয়োগ মালাগুলি। খবরে প্রকাশ, ভোটের পরেই PSC শুরু করবে তাদের ম্যারাথন দৌড় 2023, 2024 ও 2025 এর নিয়োগ পর্বগুলিকে সম্পন্ন করতে। তাই আমাদের হাতে সময় খুবই কম। এই স্বল্প সময়ে প্রিলি ও মেইন্স-এর প্রস্তুতি পর্বকে সম্পন্ন করতে 'ক্যাসেস্ এডুকেশন', কলকাতা চালু করল CACES Success WBCS (CSW) কোর্সটি। বিস্তারিত জানতে ও ভর্তি হতে আজই চলে আসুন এই ঠিকানায়: ক্যাসেস্ এডুকেশন, 35 এ পি সি রোড, শিয়ালদহ, কলি-9 (জগৎ সিনেমার পাশে)।

9123325 910/ 90627 56906

বিঃ দ্রঃ SSC গ্রুপ C ও গ্রুপ D Computer Test ও মক Interview ক্লাস শুরু হয়েছে, সত্বর যোগাযোগ করুন।

# এবছর রেলে ১,০০,০০০ শূন্যপদে নিয়োগ হবে

*সম্প্রতি কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন, গত অর্থবর্ষে ভারতীয় রেলে চাকরি পেয়েছেন ৫ লাখ ৮ হাজার ছেলেমেয়ে। এর মধ্যে সবচেয়ে বেশি যে ক্যাটেগরিতে নিয়োগ হয়েছে — সেটি হল নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (NTPC)। তিনি আরো জানিয়েছেন, এবার থেকে প্রত্যেক বছর ভারতীয় রেল বিপুল সংখ্যক ছেলেমেয়ে নিয়োগ করবে। ভোট মিটলেই সবচেয়ে আগে যে পদে নিয়োগ হবে সেটি হল এন.টি.পি.সি ক্যাটেগরি। তাই এখন থেকেই প্রস্তুত হতে হবে যাতে দেশের অন্যতম প্রিমিয়ার এই চাকরির পরীক্ষায় সফল হওয়া যায়। এই ক্যাটেগরির সিলেবাস, পরীক্ষার ধরন, প্রশ্নপত্রের বিন্যাস-সহ খুঁটিনাটি বিষয় নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

ভোটের দামামা বেজে গেছে। আর এই ভোট মিটলেই ইন্ডিয়ান রেলের নন টেকনিক্যাল পপুলার ক্যাটাগরির আন্ডার গ্রাজুয়েট লেভেলের সি বি টি -১ পরীক্ষা ৭, ৮, ৯ মে আর ১৩, ১৪ ও ১৬-২১ জুন হতে চলেছে। আর আর বি ননটেকনিকাল আন্ডার গ্রাজুয়েট সিইএন ০৭/২০২৫ পরীক্ষার জন্য প্রস্তুতি একটা সিস্টেমেটিক ও কনসিস্টেন্ট প্ল্যান অনুযায়ী করলে খুব সহজেই ভাল রেজাল্ট করা সম্ভব।

প্রথমে পরীক্ষার প্যাটার্ন ও সিলেবাস বোঝা : আর আর বি এন টি পি সি (আন্ডারগ্রাজুয়েট) সিইএন ০৭/২০২৫ এর প্রথম ধাপ (সি বি টি ১)-এ মোট ১০০টি এমসিকিউ প্রশ্ন, ৯০ মিনিট, ৩টি সেকশন: জেনারেল আওয়ারনেস- ৪০ প্রশ্ন, ম্যাথমেটিক্স - ৩০ প্রশ্ন, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ প্রশ্ন।

সি বি টি ২-এ প্রশ্ন সংখ্যা ১২০, সময় ৯০ মিনিট, সেকশন একই, তবে প্রশ্নের লেভেল একটু বেশি কঠিন হয়।

সিলেবাস প্রধানত:

**ম্যাথস:** নাম্বার সিস্টেম, পার্সেন্টেজ, রেশিও, টাইম এন্ড ওয়ার্ক, মেন্সুরাশন, ট্রিগোনমেট্রি, আলজেব্রা, জিওমেট্রি, এলিমেন্টারি স্ট্যাটিস্টিকস।

**রিজনিং:** এনালজি, সিরিজ, কর্ডিং-ডিকোডিং, সিলোজিজম পাজল, ভেন ডায়াগ্রাম, ব্লাড রিলেশন, ডিরেকশন, ডেটা সাফিসিয়েন্সি ইত্যাদি।

**জিএ:** হিস্ট্রি (ভারত ও বিশ্ব), জিওগ্রাফি, ইন্ডিয়ান পলিটি কনস্টিটিউশন, ইকোনমিক, জেনারেল সাইন্স, কারেন্ট অ্যাফেয়ার্স, রেলওয়ে - রিলেটেড টপিক, গভমেন্ট স্কিম, ইউ এন রিলেটেড অর্গানাইজেশনস ইত্যাদি।

একটা A4 শিটে প্রতিটি সেকশনের টপিক লিখে রাখুন ও প্রতিদিন একটা নির্দিষ্ট টপিক শেষ করার টার্গেট ঠিক করুন।

দৈনিক স্টাডি প্ল্যান তৈরি করুন। অন্তত ৪-৬ মাস ধরে প্রস্তুতি নিলে সফল হওয়ার চান্স সবচেয়ে ভালো থাকে।

প্রতিদিন ন্যূনতম ৫-৬ ঘণ্টা দিন, ও সময় এভাবে ভাগ করুন: সকাল (২-৩ ঘণ্টা) - নতুন টপিক পড়া + ফর্মুলা মুখস্থ + সহজ প্রশ্ন প্র্যাকটিস। বিকেল (১-২ ঘণ্টা) - রিজনিং বা জিএ যেটা দুর্বল লাগে। রাত (১ ঘণ্টা) - কারেন্ট অ্যাফেয়ার্স পড়া + আগের দিনের রিভিশন। একটা সিম্পল রুটিন হতে পারে: সপ্তাহের ৬ দিন নতুন টপিক, ১ দিন মক টেস্ট + রিভিশন।

ম্যাথস ও রিজনিং একসঙ্গে প্রতিদিন প্রাকটিস নিশ্চিত করুন, কারণ এই দুটো সেকশন থেকে প্রশ্ন সাধারণত পারা যায় ও বেশি মার্কস তোলা যায়।

**বই ও স্টাডি ম্যাটেরিয়াল বাছাই**

**ম্যাথস:** কিরণ প্রকাশন/ রাকেশ যাদব / এসএসসি / রেলওয়ে ওরিয়েন্টেড ম্যাথস বই, যেখানে ফর্মুলা ও শর্টকাট টেকনিক দেওয়া থাকে।

**রিজনিং:** আর. এস. আগরওয়াল / কিরণ রিজনিং বই + নিজের নোটে শর্ট ট্রিকস লিখে রাখুন।

**জেনারেল অ্যাওয়ারনেস:** লুসেন্ট জিকে, প্রতিদিন একটা নির্দিষ্ট ডাইজেস্ট (যেমন ইউটিউব এর একটা নিয়মিত জিএ চ্যানেল) ফলো করুন ও রেলওয়েজ- রিলেটেড সংবাদ, ভারতের রেল পরিসংখ্যান, নতুন ট্রেন, লাইন, প্রজেক্ট ইত্যাদি নোট করুন। শুধু রেলওয়েজের জন্য আলাদা নোট বানান।

**ম্যাথ ও রিজনিং স্ট্র্যাটেজি :**

**ম্যাথস:** শুরু করুন বেসিক নাম্বার সিস্টেম, পার্সেন্টেজ, রেশিও অ্যান্ড প্রপারশন, টাইম অ্যান্ড ওয়ার্ক, টাইম অ্যান্ড ডিস্টেন্স থেকে। প্রতিদিন ২০-৩০টি প্রশ্ন করুন, সময় মেপে। ১ মিনিটের মধ্যে একটা ম্যাথ সলভ করার চেষ্টা করুন। শর্টকাট ফর্মুলা নোটে লিখে রোজকার রিভিশনের জন্য আলাদা 'ফর্মুলা শিট' বানান।

**রিজনিং:** প্রতিদিন অন্তত ২ টাইপের প্রশ্ন - যেমন সিটিং অ্যারেঞ্জমেন্ট + কোডিং-ডিকোডিং বা পাজল। এইসব অভ্যাসে এলে, সময় খুব কমে যায়। একটা দিন শুধু পাজল + সিলোজিজম + ভেন ডায়াগ্রাম নিয়ে কাজ করুন; এইসব প্রশ্ন সি বি টি ২-এ বেশি আসে।

**জেনারেল আওয়ারনেসও কারেন্ট অ্যাফেয়ার্স :** স্ট্যাটিক জিকে: হিস্ট্রি (ফ্রিডম স্ট্রাগল), জিওগ্রাফি (ভারতের রিভার, মাউন্টেন, স্টেট, ক্লাইমেট), পলিটি (কনস্টিটিউশন, ফান্ডামেন্টাল রাইটস, এমেন্ডমেন্টস), ইকোনমি (বাজেট, জিডিপি, আরবিআই, ফিজক্যাল পলিসি)।

কারেন্ট অ্যাফেয়ার্স: প্রতিদিন ২০-৩০ মিনিট দিন। গত ১২-১৮ মাসের ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল নিউজ, গভারমেন্ট স্কিম, স্পোর্টস, অ্যাওয়ার্ডস, সায়েন্স অ্যান্ড টেক, পরিবেশ ইত্যাদি নোট করুন।

রেলওয়ে - স্পেসিফিক জি এ: ভারতীয় রেলের ইতিহাস, জোনাল রেলওয়েজ, রেলওয়ে বাজেট, নিউ বন্দে ভারত / হামসাফার ইত্যাদি, ইস্টার্ন রেলওয়ে সম্পর্কিত তথ্য - কলকাতা/দক্ষিণ-পূর্ব রেলের কিছু ট্রেন নাম, স্টেশন তথ্য জানা দরকার। প্রতি উইকেন্ডে একটা ছোটো 'জিএ টেস্ট' নিজে নিজে নিন (৩০টি এমসিকিউ) ও মিস করা প্রশ্ন নোট করে রাখুন।

মক টেস্ট ও টাইম ম্যানেজমেন্ট সপ্তাহে অন্তত ২-৩টি ফুল লেন্থ সি বি টি ১- স্টাইল মক টেস্ট দিন (১০০ প্রশ্ন, ৯০ মিনিট)। প্রতিটি মক শেষে রিভিউ করুন: কোন সেকশনে সময় বেশি লাগলো? কোন টপিকে সবচেয়ে বেশি ভুল হলো? ধরে নিন: জিএ: ২৫-৩০ মিনিট, ম্যাথস: ৩৫-৪০ মিনিট, রিজনিং: ২৫-৩০ মিনিট ও শেষ ৫ মিনিট রিভিউয়ের জন্য। অনেক সময় ম্যাথস বেশি সময় নেয়, তাই প্রতি প্রশ্নে সীমিত সময় দিন; ১.৫ মিনিটের মধ্যে না পারলে পরের সেটে আসবেন।

শেষ ২-৩ সপ্তাহে : হাই-ইনটেনসিভ রিভিশন। রোজ রিভিশন শিট ব্যবহার করুন: ফর্মুলা, জিকে ফ্যাক্টস, গুরুত্বপূর্ণ বছর-নাম, কোডিং রুলস ইত্যাদি। প্রতি সপ্তাহে ১টি সি বি টি-১ ও ১টি সি বি টি-২ স্টাইল মক টেস্ট দিন। পুরোনো বছরের আর আর বি এন টি পি সি/আদার আর আর বি-এর পেপার দেখুন; এইসব পেপার প্রশ্নের প্যাটার্ন বুঝতে সাহায্য করে। রাতে ঘুমানোর আগে ১০-১৫ মিনিট জিকে ফ্ল্যাশকার্ড দেখুন; এটা লং টার্ম মেমরিতে বাড়তে সাহায্য করে।

মানসিক প্রস্তুতি ও রুটিন প্রতিদিন একটু ওয়াক/হালকা এক্সারসাইজ করুন, যাতে ফোকাস ও মেমোরি ভালো থাকে। সময়ে ঘুম, সুষম খাওয়া ও মোবাইল-স্ক্রোল কন্ট্রোল করুন। প্রতি মাসে নিজের প্রগ্রেস একটা ছোটো ডাইরিতে লিপিবদ্ধ করুন।

রেলে চাকরি পেলে ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা থাকে না। এন টি পি সি পদের জন্য বেতন কাঠামো ভালো ও এর সঙ্গে ডিএ, এইচ আর এ, টি এ-সহ বিভিন্ন ভাতা থাকে। সময়ের সঙ্গে সঙ্গে পদোন্নতির সুযোগ রয়েছে। অনেকেই নিচের পদ থেকে শুরু করে উচ্চ পদে পৌঁছান। রেলের চাকরিতে পাস/পিটিও সুবিধার কারণে নিজে ও পরিবারের জন্য সস্তায় বা ফ্রি ভ্রমণের সুযোগ থাকে।

সারা দেশে পোস্টিং-এর সুযোগ : দেশের বিভিন্ন জায়গায় কাজ করার সম্ভবনা থাকে, যা অনেকের কাছে আকর্ষণীয়।

রেল, ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# ৪২,৩১২ AI বেসড

১ পাতার পর

আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৫,০০০ থেকে ৬,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১৫০ থেকে ২০০ নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMM (Social Media Management), (III) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য **SEMrush** বা **Google** Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য **Buffer** বা **Hootsuite**-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে ১,৫০০ থেকে ২,৫০০ চাকরি হয়।**

## কেন্দ্রীয় সংস্থায় ৬৬৮

১ পাতার পর

**ডিপ্লোমা ট্রেনি (সিভিল)** : পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৭,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৪,০০০-১,০৮,০০০ টাকা।

**ডিপ্লোমা ট্রেনি (সার্ভে)** : পলিটেকনিক থেকে সার্ভে কিংবা সিভিল (সার্ভে একটি বিষয় হিসাবে নিয়ে থাকতে হবে) ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৭,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৪,০০০-১,০৮,০০০ টাকা।

**জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.)** : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.বি.এ., বি.বি.এম., বি.বি.এস. কোর্স পাশরা আবেদন করতে পারেন। সফল হলে মূল মাইনে : ২৪,০০০-১,০৮,০০০ টাকা।

**জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ)** : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, সি.এম.এ.'এর ইন্টার কোর্স পাশরা আবেদন করতে পারেন। সফল হলে মূল মাইনে : ২৪,০০০-১,০৮,০০০ টাকা।

**জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে)** : আই.টি.আই. থেকে সার্ভেয়র ট্রেডের ২ বছরের কোর্স পাশরা যোগ্য। সফল হলে মূল মাইনে : ২১,৫০০-৭৪,০০০ টাকা।

সব পদের বেলায় বয়স হতে হবে ১১-৫-২০২৬'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

কোন রিজিয়নে ক'টি শূন্যপদ :

**শূন্যপদ : ইস্টার্ণ রিজিয়ন-১ : পোস্ট আইডি ৫৩৭** : ডিপ্লোমা ট্রেনি (সার্ভে)- ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৪৭** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**ইস্টার্ণ রিজিয়ন-২ : পোস্ট আইডি ৫২৬** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫১৪** : সিভিল - ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৩৮** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৪৮** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**ওড়িশা প্রোজেক্ট : পোস্ট আইডি ৫২৭** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস ২, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪)। **পোস্ট আইডি ৫১৫** : সিভিল শাখায় - ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৩৯** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫০৩** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ৬টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫৪৯** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**নর্থ রিজিয়ন- ১ : পোস্ট আইডি ৫২৯** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৭৫টি (জেনাঃ ৩৩, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস ৭)। **পোস্ট আইডি ৫১৭** : সিভিল শাখায় - ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৪)।

**নর্থ রিজিয়ন- ২ : পোস্ট আইডি ৫৩১** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৪০টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস ৪, ও.বি.সি. ৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫১৯** : সিভিল শাখায় - ৬টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫৪১** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫০৮** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ২টি (ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫১৪** : সিভিল - ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৫২** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**নর্থ রিজিয়ন- ৩ : পোস্ট আইডি ৫৩২** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৩৩টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস ৪, ও.বি.সি. ৭, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫২০** : সিভিল শাখায় - ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৪২** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৫৩** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**সাউথ রিজিয়ন-১ : পোস্ট আইডি ৫৩৩** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৩৩টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস ৩, ও.বি.সি. ৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫২১** : সিভিল শাখায় - ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫০৯** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ২টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৪৩** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৫৪** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**সাউথ রিজিয়ন-২ : পোস্ট আইডি ৫৩৪** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৫১টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস ৫, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫২২** : সিভিল শাখায় - ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫৪৪** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫০৪** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১৫টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫১০** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ১টি (তঃজাঃ)। **পোস্ট আইডি ৫৫৫** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**ওয়েস্টার্ণ রিজিয়ন-১ : পোস্ট আইডি ৫৩৫** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৫৪টি (জেনাঃ ২৩, ই.ডব্লু.এস ৫, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৫)। **পোস্ট আইডি ৫২৩** : সিভিল শাখায় - ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫১১** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। **পোস্ট আইডি ৫৪৫** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৫৬** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে)- ১টি (জেনাঃ)।

**ওয়েস্টার্ণ রিজিয়ন-২ : পোস্ট আইডি ৫৩৬** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৮২টি (জেনাঃ ৩৭, ই.ডব্লু.এস ৯, ও.বি.সি. ১২, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ১৪)। **পোস্ট আইডি ৫২৪** : সিভিল শাখায় - ২১টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩)। **পোস্ট আইডি ৫১২** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.)- ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫০৬** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১টি (তঃউঃজাঃ)। **পোস্ট আইডি ৫৫৭** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে)- ১টি (জেনাঃ)।

**কর্পোরেট সেন্টার : পোস্ট আইডি ৫২৫** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫১৩** : সিভিল শাখায় - ২টি (জেনা)। **পোস্ট আইডি ৫০২** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫৪৬** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**নর্থইস্টার্ণ রিজিয়ন : পোস্ট আইডি ৫২৮** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৩০টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস ৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৬)। **পোস্ট আইডি ৫১৬** : সিভিল শাখায় - ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৫০** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**রাজস্থান প্রোজেক্ট : পোস্ট আইডি ৫৩০** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ৩০টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস ৩, ও.বি.সি. ১, তঃজাঃ১, তঃউঃজাঃ৮)। **পোস্ট আইডি ৫১৮** : সিভিল শাখায় - ৮টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৫০৭** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ২টি (জেনাঃ১, তঃজাঃ১)। **পোস্ট আইডি ৫৪০** : সার্ভে - ১টি (জেনাঃ)। **পোস্ট আইডি ৫৫১** : জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) - ১টি (জেনাঃ)।

**সি.টি.ই.উ.আই.এল. : পোস্ট আইডি ৫৫৮** : ইলেক্ট্রিক্যাল শাখায় - ১৬টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৫৫৯** : সিভিল শাখায় - ৬টি (জেনাঃ ৫, ও.বি.সি. ১)। **পোস্ট আইডি ৫৬০** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। **পোস্ট আইডি ৫৬১** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ)- ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, শিলিগুড়ি, পটনা, রাঁচি, দিল্লি-সহ একাধিক শহরে। ২ ঘন্টার পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে টেকনিক্যাল সংক্রান্ত। পার্ট-।। তে থাকবে অ্যাপ্টিটিউড টেস্ট। এই টেস্টে থাকবে ৫০টি প্রশ্ন এইসব বিষয়ে : ভোকাবুলারি, ভার্বাল কমপ্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ডাটা সাফিসিয়েন্সি ও ইন্টারপ্রিটেশন, নিউমেরিক্যাল এবিলিটি। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে এক নম্বর কাটা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : CC/01/2026. Date: 17-04-2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.powergrid.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী.বাবদ ডিপ্লোমা ট্রেনি ও জুনিয়র অফিসার ট্রেনি পদের বেলায় ৩০০ টাকা আর জুনিয়র টেকনিশিয়ান ট্রেনি (সার্ভে) পদের বেলায় ২০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর ওয়েবসাইট থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

## ডিজিটাল মার্কেটিংয়ে ৫২,৩১২ চাকরি

১ পাতার পর

দিয়েছে। এখানেই শেষ নয়। লেবার ওয়েলফেয়ার মিনিস্ট্রির গত ৩ মাসের ডেটাবেস অ্যানালিসিস করে দেখা গেছে দেশের প্রথম সারির ২০০টির ওপর আইটি ও সফটওয়্যার রিলেটেড কোম্পানিতে যে নিয়োগ হয়েছে তার প্রায় দ্বিগুণ নিয়োগ হবে সামনের ৬ থেকে ৯ মাসে। একথা নিশ্চিতভাবে বলা যায় যে এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১০০টির ওপর আইটি কোম্পানিতে ৫২,৩১২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস্ ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে— যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

গত সপ্তাহের পর

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ একনজরে


**১ ফেব্রুয়ারি :** ভারতীয় বিমান বাহিনীর ইস্টার্ন এয়ার কম্যান্ডের এয়ার অফিসার কম্যান্ডিং-ইন-চিফ হিসাবে দায়িত্ব নিলেন এয়ার মার্শাল ইন্দ্রপাল সিং ওয়ালিয়া।

❑ এবছর 'রয়্যাল সুইডিশ আকাদেমি অফ সায়েন্সেস'এর তরফ থেকে, মর্যাদাপূর্ণ 'ক্র্যাফোর্ড পুরস্কার' পেলেন ভারতীয় বংশোদ্ভূত জলবায়ু বিজ্ঞানী ৮১ বছর বয়সি বীরভদ্রন রামানাথন। এই পুরস্কারটিকে 'ভূবিজ্ঞানের নোবেল'ও বলা হয়। জলবায়ু গবেষণায় যুগান্তকারী অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, তাঁর কাজ ১৯৮৭ সালের 'মন্ট্রিয়ল প্রোটোকল'এ অবদান রেখেছিল, যা ক্লোরোফ্লুরোকার্বন নিষিদ্ধ করে ও আরও উষ্ণায়ন প্রতিরোধ করে।

❑ ভারতের প্রথম টেলিকম অপারেটর হিসাবে, কলকাতার 'বিদ্যাসাগর সেতু'তে (দ্বিতীয় হুগলি সেতু) নিরবচ্ছিন্ন ৫জি ও ৪জি মোবাইল সংযোগ প্রদান করে নজির গড়ল 'ভারতী এয়ারটেল'। এই উদ্যোগের অংশ হিসাবে, পুরো সেতু জুড়ে ১.৩ কিলোমিটার ফাইবার স্থাপন করা হয়েছে আর জিরো ড্রপ জোন তৈরি করার জন্য ৬টি পোলে নেটওয়ার্ক অ্যান্টেনা বসিয়েছে 'এয়ারটেল'। পশ্চিমবঙ্গ সরকার, পূর্ত দফতর, পশ্চিমবঙ্গ পুলিশ ট্র্যাফিক বিভাগ আর হুগলি রিভার ব্রিজ কমিশনার্স'এর সঙ্গে সহযোগিতায় এই উদ্যোগের সূচনা করেছে এয়ারটেল। প্রসঙ্গত উল্লেখ্য, কলকাতা আর হাওড়াকে সংযুক্ত করেছে 'বিদ্যাসাগর সেতু'।

❑ রাজ্যে গ্যাংস্টার নেটওয়ার্ক ভেঙে দিতে আর রাজ্যকে গ্যাংস্টারমুক্ত করতে 'অপারেশন প্রহর' চালু করল পঞ্জাব পুলিশ। এই উদ্যোগের অধীনে, ১২,০০০ পুলিশ কর্মকর্তাকে নিয়ে গঠিত ২,০০০টি দল রাজ্য জুড়ে অভিযান শুরু করেছে। অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ৬০ জন প্রধান গ্যাংস্টার আর তাদের ১,২০০ সহযোগীর তালিকা তৈরি করেছে পুলিশ। রাজ্যের নাগরিকরা যাতে গ্যাংস্টার কার্যকলাপের বিষয়ে রিপোর্ট করতে পারেন, সেজন্য একটি গ্যাংস্টার-বিরোধী হেল্পলাইন (93946-93946) চালু করা হয়েছে।

❑ দিল্লি দঙ্গল ওয়ারিয়র্স'কে ৫-৪ ব্যবধানে হারিয়ে, এবছর 'প্রো রেসলিং লিগ'এর শিরোপা জিতল হরিয়ানা থান্ডার্স।



সার্বিয়ান টেনিস তারকা নোভাক জকোভিচকে ২-৬, ৬-২, ৬-৩ ও ৭-৫ ব্যবধানে হারিয়ে, এবছর 'অস্ট্রেলিয়ান ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন স্প্যানিশ টেনিস তারকা কার্লোস আলকারাজ। মাত্র ২২ বছর ২৭২ দিন বয়সে টেনিস ইতিহাসের সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসাবে নিজের কেরিয়ার গ্র্যান্ডস্লাম জয় করলেন তিনি। এটি আলকারাজের সামগ্রিকভাবে সপ্তম গ্র্যান্ডস্লাম জয়। এর মধ্যে রয়েছে 'উইম্বলডন' (২০২৩, ২০২৪), 'ফ্রেঞ্চ ওপন' (২০২৪, ২০২৫), 'ইউএস ওপন' (২০২২, ২০২৫) ও 'অস্ট্রেলিয়ান ওপন' (২০২৬)।

**২ ফেব্রুয়ারি :** নৌবাহিনীর সদর দফতরে ন্যাভাল আর্মামেন্টের ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন দিবাকর জয়ন্ত।

❑ এবছর মার্কিন যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে, ৬৮ তম বার্ষিক 'গ্র্যামি পুরস্কার'এ ভূষিত হয়ে ইতিহাস গড়লেন ৯০ বছর বয়সি বৌদ্ধ ধর্মগুরু দলাই লামা। তাঁর অ্যালবাম 'মেডিটেশনস : দ্য রিফ্লেকশনস অফ হিজ হোলিনেস দ্য দলাই লামা'র জন্য 'সেরা অডিও বুক, ন্যারেশন অ্যান্ড স্টোরিটেলিং রেকর্ডিং' বিভাগে এবছর গ্র্যামি পুরস্কার পেলেন তিনি। এই অ্যালবামটিতে রয়েছে দলাই লামার বার্তা, উপদেশ ও বাণী। পুরস্কার অনুষ্ঠানে তিনি উপস্থিত না থাকায়, তাঁর হয়ে এই পুরস্কার নেন গায়ক-গীতিকার রুফাস ওয়েনরাইট।

❑ 'তাইল্যান্ড মাস্টার্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতীয় ব্যাডমিন্টন তারকা দেবিকা সিহাগ। ফাইনাল ম্যাচ চলার সময় হঠাৎ মালয়েশিয়ার গোহ জিন ওয়েই তাঁর চোটের কারণে অবসর নিতে বাধ্য হওয়ায়, নিজের প্রথম 'বিডব্লুএফ সুপার ৩০০' শিরোপা জেতেন দেবিকা।

**৩ ফেব্রুয়ারি :** ভারতের জন্য বলিউড অভিনেত্রী কিয়ারা আদবানি'কে নিজেদের নতুন প্রচারদূত হিসাবে নিযুক্ত করল 'মেবিলিন নিউ ইয়র্ক'।

❑ সফলভাবে পশ্চিম গোলার্ধের সর্বোচ্চ শৃঙ্গ 'মাউন্ট অ্যাকোনকাগুয়া' আরোহণ করলেন অরুণাচল প্রদেশের পর্বতারোহী ২৭ বছর বয়সি কাবাক ইয়ানো। এই কৃতিত্বটি তাঁর উচ্চাকাঙ্ক্ষী ৭-সামিট পর্বতারোহণ অভিযানের অংশ। প্রসঙ্গত উল্লেখ্য, 'মাউন্ট অ্যাকোনকাগুয়া' সমুদ্রপৃষ্ঠ থেকে ২২,৮৩১ ফুট উঁচুতে অবস্থিত।

❑ ওড়িশার চাঁদিপুর থেকে সকাল ১০টা ৪৫ মিনিটে র‍্যামজেট শক্তি সম্পন্ন ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা করল ডিআরডিও। এই সফল পরীক্ষার মাধ্যমে ভারত সেইসব উন্নত দেশগুলির অভিজাত গোষ্ঠীতে জায়গা করে নিল, যাদের কাছে এই উন্নত প্রযুক্তি রয়েছে। দূরপাল্লার আকাশ থেকে আকাশে নিক্ষেপযোগ্য মিসাইল তৈরির জন্য এই প্রযুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। শত্রুপক্ষের বিমানে অব্যর্থ আঘাত হানতে পারে এই বিশেষ প্রযুক্তির ক্ষেপণাস্ত্র। এই বিশেষ প্রযুক্তির ইঞ্জিনের সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল, এতে কোনো জটিল টার্বাইন থাকে না। ফলে এই ইঞ্জিন ব্যবহার করা ক্ষেপণাস্ত্র খুব হালকা হয় আর তীব্র গতিতে শত্রুপক্ষের ওপর আঘাত হানতে পারে।

❑ এবছর 'টাইমস বি-স্কুল র‍্যাঙ্কিং'এ, দেশের সেরা বিজনেস স্কুল হিসাবে প্রথম স্থান অধিকার করল 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ফরেন ট্রেড', যা আন্তর্জাতিক বাণিজ্য ও বিশ্বব্যাপী ব্যবসায়িক শিক্ষার ক্ষেত্রে এক উল্লেখযোগ্য মাইলফলক। ১৯৬৩ সালে কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনে একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসাবে এটি প্রতিষ্ঠিত হয়। এটি একটি 'ডিমড-টু-বি বিশ্ববিদ্যালয়', যার ক্যাম্পাস দিল্লি, কলকাতা, কাকিনাড়া ও গিফট সিটিতে অবস্থিত। অন্যদিকে, এই র‍্যাঙ্কিংয়ে 'শীর্ষ উদীয়মান বি-স্কুল' বিভাগে প্রথম স্থান অধিকার করেছে 'এসআরএম ইউনিভার্সিটি এপি' (পারি স্কুল অফ বিজনেস)।

**৪ ফেব্রুয়ারি :** 'পাব্লিক সার্ভিস কমিশন'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন দেবল রায়।

মণিপুরের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিলেন ইউমনাম খেমচাঁদ সিং।



❑ ৩ বছরের জন্য 'ইয়েস ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন বিনয় মুরলীধর টোনসে।

❑ দুষ্প্রাপ্য খনিজের জোগান নিশ্চিত করতে, 'প্রোজেক্ট ভল্ট' প্রকল্প চালু করার সিদ্ধান্ত নিল মার্কিন যুক্তরাষ্ট্র। ১,২০০ কোটি টাকার এই প্রকল্পে মূলত মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন প্রান্ত থেকে দুষ্প্রাপ্য খনিজ সংগ্রহ করা হবে। প্রাথমিকভাবে এই প্রকল্পের জন্য ঋণ দেবে দেশটির 'এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাঙ্ক'। এই উদ্যোগের ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথমবারের মতো এমন একটি বেসামরিক কৌশলগত খনিজ সংরক্ষণাগার গড়ে তোলা সম্ভব হচ্ছে।

❑ বিশ্বের ইতিহাসে প্রথম খুচরা বিক্রেতা প্রতিষ্ঠান হিসাবে, ৩ ফেব্রুয়ারি ১ ট্রিলিয়ন মার্কিন ডলারের (১ লাখ কোটি) বাজারমূল্য ছুঁল 'ওয়ালমার্ট ইনকর্পোরেটেড'। ১ বছর ধরে 'ওয়ালমার্ট'এর শেয়ারের দাম ধারাবাহিকভাবে বাড়ছে। এই সময়ে সংস্থাটির শেয়ারের দর প্রায় ২৬% বেড়েছে। গত ১০ বছরে ওয়ালমার্ট'এর স্টক প্রায় ৪৬৮% বেড়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, কিছুদিন আগেই ব্রিটিশ ওষুধ প্রস্তুতকারক সংস্থা 'অ্যাস্ট্রাজেনেকা'কে সরিয়ে প্রযুক্তি নির্ভর 'নাসডাক-১০০' ইনডেক্সে জায়গা করে নিয়েছিল ওয়ালমার্ট।

❑ 'কোচি বিমানবন্দর' হল ভারতের প্রথম বিমানবন্দর, যেখানে যাত্রী পরিবহণের জন্য হাইড্রোজেন চালিত বাস চালু হতে চলেছে। 'কেরল হাইড্রোজেন ভ্যালি ইনোভেশন ক্লাস্টার ফাউন্ডেশন' আর 'কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড'এর মধ্যে এই চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির আওতায়, "ইন্ডিয়া'স ন্যাশনাল গ্রিন হাইড্রোজেন মিশন"এর অধীনে 'কেরল হাইড্রোজেন ভ্যালি উদ্যোগ'এর অংশ হিসাবে এই বিমানবন্দরে ৩টি হাইড্রোজেন চালিত বাস চালানো হবে। এই বাসগুলির মালিকানা পাবে আর তা পরিচালনা করবে 'কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড'।

❑ 'এশিয়ান রাইফেল অ্যান্ড পিস্তল চ্যাম্পিয়নশিপ'এর উদ্বোধনী দিনে, মহিলাদের ব্যক্তিগত ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় শ্যুটার এশা সিং।

**৫ ফেব্রুয়ারি :** প্রথম ইউরোপীয় দেশ হিসাবে, ১৬ বছরের কম বয়সি শিশু-কিশোরদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিল স্পেন। এই সিদ্ধান্তের অংশ হিসাবে খুব তাড়াতাড়ি সামাজিক যোগাযোগমাধ্যম প্রতিষ্ঠানগুলিকে স্পেনে বাধ্যতামূলকভাবে বয়স যাচাই করার প্রযুক্তি ব্যবহারের নির্দেশ দেওয়া হবে।



২০২৫ সালের ২২ তম উপেন্দ্রনাথ ব্রহ্ম 'মানবতার সৈনিক' পুরস্কারে ভূষিত হলেন ভুটানের রানি মা গ্যালিয়াম আশি দর্জি ওয়াংমো ওয়াংচুক। মানবিক সেবা, সমাজকল্যাণ, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্যসেবা আর গ্রামীণ উন্নয়নে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

❑ আনুষ্ঠানিকভাবে নিজেদের নতুন পারমাণবিক সাবমেরিন 'খাবারোভস্ক' উদ্বোধন করল রাশিয়া। জলের নীচে চলা পারমাণবিক ড্রোন 'পোসাইডন' বহন করবে এই সাবমেরিনটি। এই সাবমেরিনটিকে অনেকে 'ডুমসডে মিসাইল' বা 'প্রলয়াস্ত্র' বলে আখ্যা দিয়েছেন। জলের নীচের অস্ত্র ও রোবোটিক সিস্টেম বহনের উপযোগী করে এই সাবমেরিনটি তৈরি করেছে 'সেভমাশ'। দেশের সামুদ্রিক সীমা রক্ষায় ও বিশ্বজুড়ে রাশিয়ার স্বার্থ রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এই সাবমেরিনটি।

❑ নয়াদিল্লিতে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে, দেশের প্রথম সমবায়-ভিত্তিক রাইড-হেলিং প্ল্যাটফর্ম 'ভারত ট্যাক্সি'র আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এতদিন উবের বা ওলার মতো বিদেশি ও কর্পোরেট সংস্থাগুলি ভারতের ক্যাব বাজার নিয়ন্ত্রণ করত। কিন্তু 'ভারত ট্যাক্সি' পুরোপুরি আলাদা মডেলে তৈরি। এর প্রধান বৈশিষ্ট্যগুলি হল : এটি একটি সমবায় মডেল, যেখানে চালকরা শুধুমাত্র কর্মী নন, বরং প্ল্যাটফর্মের লভ্যাংশের অংশীদার। চালকদের আয়ের বড় অংশ কোম্পানিকে দিতে হবে না, ফলে তাঁদের আর্থিক অবস্থার উন্নতি হবে। 'ভারত ট্যাক্সি' অ্যাপটি অত্যাধুনিক প্রযুক্তিতে তৈরি। এটি সরাসরি কাছের থানা ও কন্ট্রোল রুমের সঙ্গে যুক্ত। চালক ও যাত্রী উভয়ের জন্যই রয়েছে উন্নত রেটিং ব্যবস্থা। ভারতের ১০টিরও বেশি প্রধান ভাষায় এই অ্যাপটি ব্যবহার করা যাবে।

❑ ইরান থেকে প্রথমবারের মতো একজন মহিলা সদস্য নির্বাচন করল 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি'। ইতালির মিলানে ১৪৫ তম আইওসি অধিবেশনে, ইরানি ব্যাডমিন্টন খেলোয়াড় সোরায়া আঘাই হাজিয়াঘা'কে এই পদে নির্বাচন করা হয়েছে। এই নির্বাচনের মাধ্যমে, এখন আইওসি'র সর্বকনিষ্ঠ সদস্যাও হয়ে উঠলেন তিনি।

❑ দিল্লি ক্যাপিটালসকে ৬ উইকেটে হারিয়ে, এবছর 'উইমেনস প্রিমিয়র লিগ'এ চ্যাম্পিয়ন হল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালউরু।

**৬ ফেব্রুয়ারি :** 'নাইট ফ্রাঙ্ক', 'ডেলয়েট ইন্ডিয়া' ও 'কোয়াকোয়ারেলি সাইমন্ডস'এর একটি নতুন প্রতিবেদন অনুসারে, আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য বিশ্বের সবথেকে সাশ্রয়ী মূল্যের শহর হিসাবে শীর্ষ স্থানে রয়েছে দিল্লি। এই তালিকায় ১১ তম স্থানে রয়েছে মুম্বই আর ১৫ তম স্থানে রয়েছে বেঙ্গালউরু।

❑ কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের তরফ থেকে, ২০২৫ সালের 'স্বচ্ছতা পাখোয়াড়া পুরস্কার'এ প্রথম পুরস্কার পেল 'পারাদ্বীপ বন্দর কর্তৃপক্ষ'। পরিচ্ছন্নতা, স্থায়িত্ব ও সম্প্রদায়ের অংশগ্রহণে উৎকর্ষতার জন্য এই স্বীকৃতি পেল তারা। বন্দরের এই সাফল্য ৩টি কৌশলগত স্তম্ভের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে পরিচালিত হয়েছিল : 'জন ভাগীদারি' (ব্যাপক জনগোষ্ঠীর অংশগ্রহণ), 'এক পেদ মা কে নাম' (পারাদ্বীপ সৈকতে ৪০,০০০ চারা রোপণ-সহ ব্যাপক বৃক্ষরোপণ অভিযান) আর 'সাফাই মিত্র সুরক্ষা' (স্বাস্থ্যসেবা কর্মীদের কল্যাণ, নিরাপত্তা ও মর্যাদা)।

❑ ভারতের প্রথম জেলা হিসাবে ১০০% বিমা কভারেজ অর্জন করল রাজস্থানের আলওয়ার জেলা। এই মাইলফলকটি '২০৪৭ সালের মধ্যে সবার জন্য বিমা' রোডম্যাপের অংশ, যা কেন্দ্রীয় সরকার আর 'ইন্সিওরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া'র একটি যৌথ প্রচেষ্টা। এই জেলার ৯টি গ্রামে (ভুল্লা কা বাস, বিচপুরী, পালংখেড়া, অন্তপাড়া, হনুমন্ত, কল্যাণপুরা, মোরোদখুর্দ, কোদালকা ও লালপুর) এখন সব প্রাপ্তবয়স্কদের বিমা করা হয়েছে। 'ইউনাইটেড ইন্ডিয়া ইন্সিওরেন্স কোম্পানি লিমিটেড'এর মাধ্যমে এই বিমা পলিসিগুলি জারি করা হয়েছিল।

❑ বিশ্বের ইতিহাসের প্রথম ব্যক্তি হিসাবে, মার্কিন ধনকুবের এলন মাস্ক'এর সম্পদের পরিমাণ ৮০০ বিলিয়ন ডলার বা ৮০ হাজার কোটি ছাড়াল। 'ফোর্বস'এর রিয়েল টাইম বিলিয়নেয়ার সূচক অনুযায়ী, এলন মাস্কের মোট সম্পদের মূল্য এখন প্রায় ৮৫০ বিলিয়ন ডলারের কাছাকাছি পৌঁছেছে। এই অভাবনীয় সম্পদ বেড়ে যাওয়ার মূল কারণ হল, মাস্কের দুই সংস্থা 'স্পেসএক্স' আর 'এক্সএআই'এর মধ্যে হওয়া একটি বড় কর্পোরেট চুক্তি। এই চুক্তির পর যৌথ সংস্থার বাজারমূল্য দাঁড়িয়েছে প্রায় ১.২৫ ট্রিলিয়ন ডলার।



ইংল্যান্ডকে ১০০ রানে হারিয়ে এবছর রেকর্ড ষষ্ঠবারের মতো 'অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপ' জিতল ভারত।

❑ রাজস্থানকে ২১-১৭ ব্যবধানে হারিয়ে এবছর 'প্যারা থ্রোবল ন্যাশনাল ফেডারেশন কাপ'এ মহিলাদের বিভাগে সোনার পদক পেল ঝাড়খণ্ড।

**৭ ফেব্রুয়ারি :** কর্ণাটকের চিক্কাবল্লাপুরের গৌরিবিদানুরে, প্রথম মহিলা নেতৃত্বাধীন শিল্প পার্কের উদ্বোধন করল 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র মহিলা শাখা বেঙ্গালউরু'র 'এফআই সিসিআই লেডিস অর্গানাইজেশন'। শুধুমাত্র বেঙ্গালউরুর 'এফআইসিসিআই লেডিস অর্গানাইজেশন'এর সদস্য মহিলা উদ্যোক্তাদের জন্য, প্রায় ৫০ একর জমির ওপর এই পার্কটি গড়ে তোলা হয়েছে। 'কর্ণাটক ইন্ডাস্ট্রিয়াল এরিয়াস ডেভেলপমেন্ট বোর্ড' আর 'কর্ণাটক উদ্যোগ মিত্র'র সহযোগিতায় এই প্রকল্পটি চালু হয়েছে।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে ২০২৬-'২৭ আর্থিক বছরে, প্রবীণ নাগরিকদের জন্য আলাদা বাজেট ঘোষণা করল কেরল। রাজ্যের অর্থমন্ত্রী কে.এন.বালাগোপাল এই বাজেট ঘোষণা করেছেন। প্রবীণ নাগরিকদের চাহিদা পূরণের জন্য মূল বাজেটের পাশাপাশি এই বাজেট চালু করা হয়েছে, যার মধ্যে রয়েছে পেনশন, স্বাস্থ্যসেবা, সামাজিক নিরাপত্তা আর কল্যাণমূলক প্রকল্প। এই বাজেটে প্রবীণ নাগরিকদের জন্য ৪৬,২৩৬.৫২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, যা কেরলের মোট বাজেটের ১৯.০৭%।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। মানুষের দেহকোশে কোন ধরনের কোশ বিভাজন দেখা যায় — মাইটোসিস।

২। কোন ধরনের পদার্থ মানবশরীরে ক্যান্সার সৃষ্টি করে — তেজস্ক্রিয় পদার্থ।

৩। অসম্পৃক্ত দ্রবণকে কীভাবে সম্পৃক্ত দ্রবণে পরিণত করা যায় — দ্রাব যোগ করে।

৪। 'পলিসাইথেমিয়া' কিসের সঙ্গে সম্পর্কিত একটি রোগ — লোহিত রক্ত কণিকা।

৫। মহিষের দুধে গড় চর্বির পরিমাণ কত — ৭.২%।

৬। পারদের কোন যৌগ জীবাণুনাশক হিসাবে ব্যবহৃত হয় — মার্কিউরিক ক্লোরাইড (ফর্মুলা - HgCl2)।

৭। শীতের দেশে থার্মোমিটারে ব্যবহার করার জন্য পারদের তুলনায় অ্যালকোহলকে পছন্দ করা হয় কেন — এর হিমাঙ্ক খুব বেশি।

৮। মরীচিকায় কোন ধরনের প্রতিবিম্ব গঠিত হয় — অসদবিম্ব।

## ইতিহাস

৯। কোন ঘটনার ফলস্বরূপ 'স্বরাজ পার্টি' গঠিত হয়েছিল — চৌরি চৌরা (১৯২৩ সালের ৯ জানুয়ারি 'স্বরাজ পার্টি' গঠিত হয়)।

১০। ব্রিটিশ আমলে ভারতের সর্বোচ্চ আদালত ছিল — প্রিভি কাউন্সিল।

১১। কোন কংগ্রেস সভাপতি ১৯৩৮ সালের হরিপুরা অধিবেশনে হিন্দি ভাষার জন্য রোমান লিপি প্রবর্তনের পক্ষে মত প্রকাশ করেছিলেন — সুভাষ চন্দ্র বসু।

১২। কোন স্থানে মোগল সম্রাট ঔরঙ্গজেবের মৃত্যু হয়েছিল — আহমেদনগর (১৭০৭ সালের ২০ ফেব্রুয়ারি, ৮৮ বছর বয়সে আহমেদনগরে মারা যান তিনি)।

১৩। সম্রাট প্রথম জেমসের কোন রাষ্ট্রদূত ১৬১৫ সালে জাহাঙ্গীরের দরবারে পৌঁছেছিলেন — স্যার থমাস রো।

১৪। দক্ষিণ ভারতের কোন শাসকের রাজসভা 'অষ্টদিগ্গজ'এর মাধ্যমে অলঙ্কৃত ছিল — শ্রী কৃষ্ণদেব রায়।

১৫। গৌতম বুদ্ধ কত বছর বয়সে নির্বাণ লাভ করেছিলেন — ৩৫ বছর।

১৬। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে প্রথম প্যালিওলিথিক প্রত্নস্থল আবিষ্কৃত হয়েছিল — কর্ণাটক।

## ভূগোল

১৭। ভারতের প্রথম এক্সপ্রেসওয়ে কোনটি — মুম্বই-পুণে এক্সপ্রেসওয়ে (২০০২ সালে এটির উদ্বোধন হয়)।

১৮। ভারতের গভীরতম, স্থলবেষ্টিত ও সুরক্ষিত বন্দর কোনটি — বিশাখাপত্তনম।

১৯। ১৯৬৯ সালে চালু হওয়া, সুপারফাস্ট 'রাজধানী এক্সপ্রেস'এর প্রথম রুট কোনটি ছিল — নয়াদিল্লি থেকে হাওড়া।

২০। বিভিন্ন পরিবেশগত উদ্বেগের কারণে, 'মাঙ্গার বানি' অরণ্যটি প্রায়ই খবরের শিরোনামে এসেছে। এটি ভারতের কোন রাজ্যে অবস্থিত — হরিয়ানা।

২১। ভারতে ল্যাটেরাইট মাটি কোন অঞ্চলে পাওয়া যায় — পশ্চিমঘাট পর্বতমালা।

২২। 'চিল্কা' ও 'কোলেরু' হ্রদের মধ্যবর্তী উপকূলীয় সমভূমিটি কোন নামে পরিচিত — উৎকল সমভূমি।

২৩। থর মরুভূমিতে প্রাপ্ত মনুষ্যসৃষ্ট পুকুরসদৃশ জলাধারগুলি কোন নামে পরিচিত — জোহাদ।

২৪। কোন জলপথটি ভারতকে, শ্রীলঙ্কা থেকে আলাদা করেছে — পক প্রণালী।

## অর্থনীতি

২৫। ভারতের প্রথম হাইব্রিড প্যাসিভ ইনডেক্স ফান্ড চালু করল কোন অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি — এডেলউইস অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি।

২৬। এবছরের মার্চে ভারতের জিএসটি সংগ্রহ মোট কত টাকায় পৌঁছেছে — ১.৭৮ লাখ কোটি।

২৭। ২০২৫-'২৬ আর্থিক বছরে ভারতের প্রতিরক্ষা রফতানি রেকর্ড কত টাকায় পৌঁছেছে — ৩৮,৪২৪ কোটি টাকা।

২৮। 'এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড'এর ওপর মোট কত টাকা আর্থিক জরিমানা আরোপ করেছে 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক' — ৩১.৮০ লাখ টাকা।

২৯। 'পলিসিবাজার ইন্সিওরেন্স ব্রোকার্স'এর চিফ এক্সিকিউটিভ অফিসার ও প্রিন্সিপাল অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সজ্জা প্রবীণ চৌধুরি।

## সাম্প্রতিক ঘটনা

৩০। নরওয়ের প্রধানমন্ত্রী এখন কে —



জোনাস গাহর স্টোয়ের।

৩১। কোথায় বিশ্বের প্রথম ডিজিটাল উপজাতি বিশ্ববিদ্যালয় 'আদি সংস্কৃতি'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকে — নয়াদিল্লির ভারত মণ্ডপম।

৩২। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট আহমেদাবাদ কোথায় তাদের প্রথম বিদেশি ক্যাম্পাস চালু করেছে — দুবাই।

৩৩। ভারতের দ্রুততম ট্রেনের শিরোপা পেল কোন ট্রেন — নমো ভারত (ঘন্টায় সর্বোচ্চ ১৬০ কিলোমিটার বেগে এই ট্রেন চলছে দিল্লি-গাজিয়াবাদ-মীরাট করিডরে, আঞ্চলিক র‍্যাপিড ট্রানজিট সিস্টেম'এর অংশ হিসাবে)।

৩৪। মহারাষ্ট্রের রাজ্যপাল এখন কে — আচার্য দেবব্রত।

৩৫। অর্থনীতির জন্য মরণোত্তর 'পি ভি নরসিমহা রাও স্মৃতি পুরস্কার'এ ভূষিত হলেন কে — দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী তথা অর্থনীতিবিদ ড.মনমোহন সিং (ভারতের অর্থনৈতিক রূপান্তর আর জাতি গঠনে তাঁর অসামান্য ভূমিকার স্বীকৃতি হিসাবে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে)।

৩৬। মুম্বইয়ের গেটওয়ে অফ ইন্ডিয়া থেকে 'সমুদ্র প্রদক্ষিণ' অভিযানের সূচনা করলেন কে — কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং (এটি বিশ্বের প্রথম ধরনের নৌ পরিক্রমা, যেখানে শুধুমাত্র সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীর মহিলা অফিসাররা অংশ নিয়েছেন)।

৩৭। নয়াদিল্লির বিজ্ঞান ভবনে প্রথম 'জ্ঞান ভারতম আন্তর্জাতিক সম্মেলন'এর আয়োজন করেছে কোন কেন্দ্রীয় মন্ত্রক — কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক (১১ থেকে ১৩ সেপ্টেম্বর)।

৩৮। নয়াদিল্লির বিজ্ঞান ভবনে, 'জ্ঞান ভারতম পোর্টাল' উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী (এই উদ্যোগের মূল লক্ষ্য হল, ভারতের বিপুল পাণ্ডুলিপি ঐতিহ্যের সংরক্ষণ, ডিজিটাইজেশন আর বিশ্বব্যাপী জনসাধারণের কাছে তা পৌঁছে দেওয়া)।

৩৯। মিজোরামের প্রথম রেলপথ বৈরবী-সাইরাং এক্সপ্রেস উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৪০। ভারতের প্রথম সরকারি মেডিক্যাল কলেজ কোনটি, যেখানে 'দা ভিঞ্চি' রোবোটিক সার্জিক্যাল সিস্টেমের ওপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে — এইমস নয়াদিল্লি।

৪১। বিশ্বের প্রথম দেশ হিসাবে, বিশ্বব্যাপী গ্রীষ্মমণ্ডলীয় বন সংরক্ষণের জন্য একটি বহুপাক্ষিক তহবিল 'ট্রপিক্যাল ফরেস্টস ফরএভার ফ্যাসিলিটি'তে বিনিয়োগ করতে চলেছে কারা — ব্রাজিল।

৪২। নয়াদিল্লির 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ'এর ডিরেক্টর হিসাবে দায়িত্ব নিলেন কে — অধ্যাপক প্রদীপ কুমার প্রজাপতি।

৪৩। আধুনিক প্রযুক্তিতে তৈরি অগভীর জলের সাবমেরিন বিধ্বংসী যুদ্ধজাহাজ 'অ্যান্ড্রোথ' ভারতীয় নৌবাহিনীর হাতে তুলে দিয়েছে কোন সংস্থা — গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড।

৪৪। ২০২৭ সালে পঞ্চম 'উপকূলরক্ষী শীর্ষ সম্মেলন' আয়োজন করবে কোন দেশ — ভারত (চেন্নাই)।

৪৫। ২৫০ গিগাওয়াট অ-জীবাশ্ম জ্বালানি বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা অর্জন করে এক গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে কোন দেশ — ভারত।

৪৬। কোয়ালাদের জন্য বিশ্বের প্রথম 'ক্ল্যামিডিয়া' টিকার অনুমোদন দিল কোন দেশ — অস্ট্রেলিয়া (কোয়ালা হল অস্ট্রেলিয়ার এক বন্যপ্রাণী)।

৪৭। বিশ্বের প্রথম দেশ হিসাবে এআই-চালিত মন্ত্রী নিয়োগ করল কারা — আলবেনিয়া (এর নাম 'ডায়েলা', যা দেশে দুর্নীতি দমনে ভূমিকা নেবে ও সাধারণ মানুষের জন্য সরকারি ব্যয়ে স্বচ্ছতা রক্ষা করবে)।

৪৮। কোথায় ভারতের প্রথম বাঁশ-ভিত্তিক বায়ো-ইথানল প্ল্যান্টের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — অসমের গোলাঘাট জেলায়।

৪৯। মণিপুর হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — এম.সুন্দর।

৫০। এবছর সিঙ্গাপুরের চাঙ্গি নৌঘাঁটিতে বহুজাতিক মহড়া 'প্যাসিফিক রিচ'এ অংশ নিল ভারতীয় নৌবাহিনীর কোন জাহাজ — আইএনএস নিস্তার (এটি 'আইএনএস নিস্তার'এর প্রথম বিদেশ সফর)।

৫১। উপরাষ্ট্রপতি সি.পি.রাধাকৃষ্ণণের সচিব হিসাবে নিযুক্ত হলেন কে — অমিত খারে।

৫২। কাকে পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত করল 'বিশ্বব্যাঙ্ক' — কার্লোস ফেলিপ জারামিলো।

৫৩। চাগোস দ্বীপপুঞ্জে মার্কিন যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য সামরিক ঘাঁটি দিয়েগো গার্সিয়ার কাছে একটি স্যাটেলাইট ট্র্যাকিং ও যোগাযোগ স্টেশন স্থাপনের জন্য একটি যুগান্তকারী চুক্তি স্বাক্ষর করল কোন দুই দেশ — ভারত আর মরিশাস।

৫৪। কোথায় ভারতের বৃহত্তম ও আধুনিক স্পোর্টস কমপ্লেক্সের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ — আহমেদাবাদের নারানপুরায়।

৫৫। ১৪ তম 'সিরারখং হাথেই লঙ্কা উৎসব' ভারতের কোন রাজ্যে হয়েছে — মণিপুর।

৫৬। ব্যারেন্ট সাগরের এক লক্ষ্যবস্তুতে জিরকন ক্রুজ ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে কোন দেশ — রাশিয়া (বেলারুশের সঙ্গে যৌথ সামরিক মহড়া চলার সময় রাশিয়ার রণতরী অ্যাডমিরাল গোলোভকো ফ্রিগেট থেকে এই ক্ষেপণাস্ত্র ছোঁড়া হয়েছে)।

৫৭। পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের দুগ্ধ খাতের উন্নতির লক্ষ্যে, কোথায় লিঙ্গভিত্তিক বীর্য উৎপাদন সুবিধার উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — বিহারের পূর্ণিয়া।

৫৮। 'জাতীয় ইঞ্জিনিয়ার দিবস' কবে পালিত হয় — ১৫ সেপ্টেম্বর।

৫৯। 'আমেরিকান সোসাইটি অফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার্স'এর তরফ থেকে, 'হোলি পদক'এ ভূষিত হলেন কে — 'ভারত ফোর্জ'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর বাবা কল্যাণী (জনসাধারণের কল্যাণে ইঞ্জিনিয়ারিংয়ে তাঁর অসামান্য নেতৃত্বের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৬০। কোথায় 'জাতীয় মাখানা বোর্ড'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — বিহারের পূর্ণিয়া।

৬১। কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের 'ইনস্পায়ার পুরস্কার' প্রকল্পে প্রথম স্থান অর্জন করল কোন জেলা — বিহারের মুজাফফরপুর জেলা (এই জেলার উল্লেখযোগ্য ৭,৪০৩ জন শিক্ষার্থী এই প্রকল্পের অধীনে তাঁদের উদ্ভাবনী ধারণা জমা দিয়েছেন)।

৬২। কিরিবাতি প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন কে — সুনীত মেহতা।

৬৩। ৫ বছরের জন্য, সিবিআই'তে সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ হিসাবে নিযুক্ত হলেন কে — আস্থা মোদী।

৬৪। ইউএন উইমেন'এর এক্সিকিউটিভ ডিরেক্টর এখন কে — ড.সীমা সামি বাহৌস।

৬৫। দক্ষিণ কোরিয়ায়, ভারতের নতুন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — গৌরাঙ্গলাল দাস।

৬৬। অনাথ শিশুদের জন্য 'আনবু করাঙ্গল' (ভালোবাসার হাত) প্রকল্প চালু করল কোন রাজ্য — তামিলনাড়ু।

৬৭। ২০২৩ সালের জন্য মর্যাদাপূর্ণ 'দাদাসাহেব ফালকে পুরস্কার' পেলেন কে — মালয়লম অভিনেতা মোহনলাল (ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন দক্ষিণী মেগাস্টার)।

৬৮। পটনা হাই কোর্টের প্রধান বিচারপতি এখন কে — পবনকুমার ভীমাপ্পা বাজানথ্রি।

৬৯। ভারতে ২ ন্যানোমিটারের সবথেকে উন্নত চিপ তৈরি করবে ব্রিটিশ সেমিকন্ডাক্টর কোম্পানি 'আর্ম'। কোথায় এই চিপ তৈরি করা হবে — বেঙ্গালউরু।

৭০। কানাডা, অস্ট্রেলিয়া, ফ্রান্স ও ব্রিটেনের পর, সম্প্রতি প্যালেস্তাইনকে রাষ্ট্রের স্বীকৃতি দিয়েছে কোন দেশ — পর্তুগাল।

৭১। ভারতের প্রথম রাজ্য হিসাবে, মহিলা স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের পরিচয়পত্র দিয়েছে কারা — তামিলনাড়ু।

৭২। ভারত থেকে ২০২৬ সালের ৯৮ তম 'অস্কার' পুরস্কারে 'সেরা আন্তর্জাতিক ফিচার চলচ্চিত্র' বিভাগে নির্বাচিত হল কোন চলচ্চিত্র — নীরজ ঘায়ওয়ান পরিচালিত চলচ্চিত্র 'হোমবাউন্ড'।

৭৩। প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে, ২০২৪-'২৫ সালে মাতৃমৃত্যুর হার শূন্যে নামিয়ে আনল কারা — পুদুচেরি।

৭৪। দক্ষিণ সুদান প্রজাতন্ত্রে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — দীপক মিগলানি।

৭৫। ২০২৪-'২৫ সালের জন্য, 'রাজভাষা কীর্তি পুরস্কার'এ তৃতীয় পুরস্কার পেল কোন ব্যাঙ্ক — ইন্ডিয়ান ব্যাঙ্ক (সরকারি ভাষা নীতি বাস্তবায়নে অসামান্য প্রচেষ্টার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল ব্যাঙ্কটি)।

৭৬। 'হিন্দুস্তান সল্টস লিমিটেড'এর পরবর্তী চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — বরুণ কুমার শুক্লা।

৭৭। 'ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ'এর অতিরিক্ত ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — মুকেশ সিং।

৭৮। ধানবাদে 'কোল মাইনস প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন'এর চিফ ভিজিল্যান্স অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — অমরেশ কুমার।

৭৯। 'বিশ্ব বাঁশ দিবস' কবে পালিত হয় — ১৮ সেপ্টেম্বর।

## খেলাধুলা

৮১। ২০২৬ সালের বিশ্বকাপের পর



অবসর নেবেন কোন দেশের ফুটবলার নিকোলাস ওতামেন্দি — আর্জেন্তিনা।

৮২। এবছর 'জাপান গ্রাঁ প্রি' জিতলেন কে — ইতালির ফর্মুলা ওয়ান ড্রাইভার কিমি আন্তোনেলি।

৮৩। এবছর 'মিয়ামি ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — ইতালিয়ান টেনিস তারকা জ্যানিক সিনার (চেক প্রজাতন্ত্রের জিরি লেহেকা'কে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৪। এবছর 'মিয়ামি ওপন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — বেলারুশের টেনিস তারকা অ্যারিনা সাবালেঙ্কা (মার্কিনি টেনিস তারকা কোকো গাফ'কে ৬-২, ৪-৬ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৮৫। 'খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমস'এ সামগ্রিকভাবে চ্যাম্পিয়ন হয়েছে কোন রাজ্য — কর্ণাটক (২৩টি সোনা, ৮টি রুপো ও ৭টি ব্রঞ্জ পদক-সহ মোট ৩৮টি পদক পেয়েছে তারা)।

৮৬। লুধিয়ানায় নিজের প্রথম 'জাতীয় ৯-বল পুল চ্যাম্পিয়নশিপ'এর শিরোপা জিতলেন কে — পঙ্কজ আদবানি (নীতিন শর্মা'কে ১১-৬ ব্যবধানে হারিয়ে)।

৮৭। সম্প্রতি প্রয়াত সি.ডি.গোপীনাথ (৯৬ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ক্রিকেট (ভারতের প্রথম টেস্টজয়ী দলের সদস্য ছিলেন তিনি)।

সঙ্কলক : পলি দেওয়ান

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক ও গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ১ ও ৮ মার্চ হল, তার ফল কবে বেরোবে? ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — বিকাশ হালদার, বারাসাত, উত্তর ২৪ পরগনা। নগেন বর্মন, আলিপুরদুয়ার।*

■■ ফল মে মাসে বেরোতে পারে। ইন্টারভিউ হতে দেরি আছে।

■ *স্কুল সার্ভিসের লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স দরকার? — প্রশান্ত ঘোড়াই।*

■■ গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৭৫ নম্বর, পেশাগত যোগ্যতায় থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫ নম্বর, ওরাল ইন্টারভিউয়ের জন্য থাকবে ১০ নম্বর। পেশাগত যোগ্যতায় ১০ নম্বর দেওয়া হবে এইভাবে : (ক) অনার্স গ্র্যাজুয়েট যোগ্যতার জন্য থাকবে ৬ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৬ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৪ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন। পাস কোর্সের গ্র্যাজুয়েট হলে ৪ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৪ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৩ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

স্পেশাল অনার্স / কনডেন্সড অনার্স/অনুমোদিত দক্ষতার কোর্স হলে সরাসরি ৪ নম্বর পাবেন।

লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে ৪ নম্বর (প্রথম বিভাগে পাশ করলে ৪ নম্বর, দ্বিতীয় বিভাগে পাশ করলে ৩ নম্বর, অন্যান্য বিভাগে পাশ করলে ২ নম্বর) পাবেন।

■ *বি.এড. পাশ হলে স্পেশাল এডুকেটর পদের জন্য যোগ্য কি? না বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে? — পার্থ দাস, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ স্পেশাল এডুকেটর পদের বেলায় বি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ডি.এল.এড (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে।

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক পদের লিখিত পরীক্ষায় সফলদের কম্পিউটার টাইপিং পরীক্ষা কবে থেকে শুরু হবে? টাইপিং টেস্টে মিনিটে ক'টি শব্দ টাইপিং করতে হবে? — সৈকত কর্মকার, খাটুরা বাজার, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি শব্দ তোলার গতিতে টাইপিং দক্ষতা দেখা হবে। যাঁরা লিখিত পরীক্ষায় কোয়ালিফাইং করতে পারবেন, তা নিশ্চিত হয়ে থাকলে এখন থেকে কম্পিউটার টাইপিং প্র্যাক্টিস করুন।

## স্টাফ সিলেকশনের

■ *৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি) পদের যে পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে হওয়ার কথা ছিল, তা স্থগিত হয়। নতুন পরীক্ষা কবে থেকে শুরু হবে? — অজিত বর্মন, কাটামারি, কোচবিহার।*

■■ স্টাফ সিলেকশন কমিশনের ২০২৬ সালের ৮ বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি), এস.এস.এফ ও অসম রাইফেলসের রাইফেলম্যান (জেনারেল ডিউটি) পদের স্থগিত কম্পিউটার বেসড টেস্ট শুরু হবে ২৭ এপ্রিল থেকে, চলবে ৩০ মে পর্যন্ত। প্রথম ধাপের পরীক্ষা হবে ২৭ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে ৪ মে থেকে ৯ মে পর্যন্ত। তৃতীয় ধাপের পরীক্ষা হবে ১৮ মে থেকে ২৩ মে পর্যন্ত। চতুর্থ ধাপের পরীক্ষা হবে ২৫ মে থেকে ৩০ মে পর্যন্ত।

## পি.এস.সি.'র

■ *পি.এস.সি. ক্লার্কশিপ ও মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — শুভময় জানা, গঙ্গাসাগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, এই দুই পরীক্ষার বিজ্ঞপ্তি এবছর বেরোবে।

■ *২০২২ সালের ডব্লু.বি.সি.এস. মেনস'এর 'ডি' গ্রুপের ফল কি বেরিয়েছে? — তাপস দাস, ঠাকুরনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, 'ডি' গ্রুপের চূড়ান্ত ফল বেরিয়েছে। সফল হয়েছেন ৩২২ জন প্রার্থী। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.gov.in

## অন্যান্য চাকরির

■ *ডিগ্রি কোর্স পাশ করেছি। ডি.এল.এড. করা আছে। ঝাড়খণ্ড 'টেট' দিতে পারব কি? — জীশান জামান, সিউড়ি, বীরভূম।*

■■ হ্যাঁ, পারবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশে অগ্রগামী পদে নতুন শূন্যপদে বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের প্রার্থী বাছাই কীভাবে হয়? বয়স, শিক্ষাগত যোগ্যতা জানাবেন। — অমল বর্মন, পুরাতন বনগ্রাম, বনগাঁ, উত্তর ২৪ পরগনা। রতন দাস, তেহট্ট, নদিয়া।*

■■ মাধ্যমিক পাশ ছেলেরা ন্যাশনাল ভলান্টিয়ার্স ফোর্স (ডব্লু.বি.এন.ভি.এফ.) ট্রেনিং করে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ভালো স্বাস্থ্য ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। শরীরের মাপজোখ হতে হবে ডব্লু.বি.এন.ভি.এফ. কর্মীদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। মূল মাইনে : ১৮,৮০০-৪৮,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ২টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ২০০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে ৮৫ নম্বরের মেন পরীক্ষা। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৬০ নম্বর, (খ) অ্যারিথমেটিক (মাধ্যমিক মানের) -২৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সময় থাকবে ১ ঘন্টা। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। এবছর এই পদে দরখাস্ত নেওয়া হবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের যে ইন্টারভিউ হল, তার চূড়ান্ত ফল কি বেরিয়েছে? না বেরোলে কবে বেরোবে? — সায়ক বিশ্বাস, হুগলি। স্বপন মাইতি, পূর্ব মেদিনীপুর। পূর্ণিমা ঘোষ, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এখনো চূড়ান্ত ফল বেরোয়নি।

## কোর্স ও ট্রেনিং

■ *ল্যাটারাল দিয়ে বি.টেক. পাশ করে গেট পরীক্ষা দিয়ে আই.আই.টি.-তে এম.টেক.-এ ভরতি হওয়া যায় কি? — দেবাশিষ হালদার, কল্যাণী, নদিয়া।*

■■ হ্যাঁ, হওয়া যায়।

## 'নেট'/ 'সেট'এর

■ *পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের দরখাস্ত করার শেষ তারিখ কবে? — জয়শ্রী পাল, বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর।*

■■ দরখাস্ত করার শেষ তারিখ বাড়িয়ে ১৫ মে করা হয়েছে। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.wbcsconline.in

■ *পি.এইচডি. ডিগ্রি করে থাকলে কলেজ সার্ভিস কমিশনের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় বয়সে ছাড় পাব কি? পি.এইচডি. করা আছে, কিন্তু 'নেট', 'সেট' করা নেই, তাঁরাও কি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য যোগ্য? — সাথী বিশ্বাস, চুঁচুড়া, হুগলি।*

■■ পিএইচ. ডি ডিগ্রিপ্রাপ্তরা বয়সে ছাড় পাবেন না। তবে ব্যতিক্রমী ক্ষেত্রে যোগ্য প্রার্থীরা কলেজ সার্ভিস কমিশনের বিবেচনার ভিত্তিতে ইন্টারভিউয়ে ডাক পেতে পারেন। তবে সেক্ষেত্রেও রাজ্য সরকারের অনুমোদন প্রয়োজন হবে।

■ *কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় কর্মরত কলেজের শিক্ষকরা বয়সে ছাড় পায় কি? — অরিন্দম গোস্বামী, দেবগ্রাম, মুর্শিদাবাদ।*

■■ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। অনুমোদিত স্টেট এডেড কলেজের শিক্ষকরা ৭ বছর বয়সে বয়সে ছাড় পাবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কলেজে সহকারী অধ্যাপক | মাস্টার ডিগ্রি | - | ১৫-৫-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রাইটসে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩ | ২৭-৪-২৬ | www.rites.com |
| ITBP-তে ট্রেডসম্যান দরখাস্ত নেওয়া শুরু | ITI বি.এড | ১০ | ২৮-৪-২৬ ২১-৫-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে সায়েন্টিস্ট-বি | বি.ই. / বি.টেক. | ২৪৩ | ২৪-৪-২৬ | www.recruitment.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| অসম রাইফেলসে রাইফেলম্যান | মাধ্যমিক | ৯৫ | ১১-৫-২৬ | www.assamrifles.gov.in |
| SSC-এর Phase-XIV-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, অফিসার | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ডিগ্রি | - | ৩০-৪-২৬ | www.ssc.gov.in |
| সরকারি প্রেসে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ITI | ৪৩১ | ১৩-৫-২৬ | https://cnpnashik.spmcil.com |
| প্রতিরক্ষা সংস্থায় চাকরি | ITI | ৪০০ | ৩০-৪-২৬ | https://munitionsindia.co.in |
| পটনা হাই কোর্টে স্টেনো | ডিপ্লোমা | ৫৩ | ৩০-৪-২৬ | http://patnahighcourt.bih.nic.in |
| DRDO-তে অ্যাপ্রেন্টিস | ITI ডিপ্লোমা | ৩৮ | ৩০-৪-২৬ | www.mhrdnats.gov.in |
| AIIMS-এ নার্সিং প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি | HS পাশ | - | ২৪-৪-২৬ | www.aiimsexams.ac.in |
| কোলফিল্ডে সার্ভেয়র | মাধ্যমিক, ডিপ্লোমা | ১,০৫৫ | ১৪-৫-২৬ | https://secl-cil.in |
| CRPF-এ কনস্টেবল ট্রেডসম্যান | মাধ্যমিক ITI | ৯,১৭৫ | ১৯-৫-২৬ | www.rect.crpf.gov.in |
| NPCIL-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট ও গেট পাশ | ৩৩০ | ৩০-৪-২৬ | www.npcilcareers.co.in |
| IRFC-তে অ্যাসিস্ট্যান্ট | CA, Cost Acc | ২৩ | ১-৫-২৬ | www.irfc.co.in |
| BRO-তে অপারেটর, স্টোরকীপার, ড্রাফটসম্যান | উচ্চমাধ্যমিক | ৮৮৯ | - | www.bro.gov.in |
| নর্দার্ন কোলফিল্ডে অপারেটর ট্রেনি | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৫৭৭ | ১-৫-২৬ | www.nclcil.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র Civil Service, 26 Prell পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Prell পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৭ এপ্রিল থেকে ৩০ মে | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |
| রেলের NTPC (UG) CBT-1 পরীক্ষা | ৭ মে থেকে ২১ জুন | www.rrbapply.gov.in |

## রেলের এন.টি.পি.সি

1. 'হরমুজ প্রণালী' কোন দু'টি জলভাগকে সংযুক্ত করে?
(A) আরব সাগর ও লোহিত সাগর (B) পারস্য উপসাগর ও ওমান উপসাগর (C) বঙ্গোপসাগর ও আন্দামান সাগর (D) ভূমধ্যসাগর ও কৃষ্ণ সাগর

2. 'ধোলাভিরা' শহরটি প্রধানত কয়টি ভাগে বিভক্ত ছিল?
(A) 2টি (B) 3টি (C) 4টি (D) 5টি

3. কোন শিলালিপিতে (Rock edict) অশোকের কলিঙ্গ যুদ্ধের অনুশোচনার উল্লেখ আছে?
(A) 13th (B) 7th (C) 4th (D) 14th

4. ভারতের গণপরিষদের প্রথম অধিবেশনে নীচের কোন ঘটনাটি সংঘটিত হয়?
(A) সংবিধান কার্যকর হয় (B) রাষ্ট্রপতি নির্বাচন হয় (C) অস্থায়ী চেয়ারম্যানের সভাপতিত্বে অধিবেশন শুরু হয় (D) সংবিধানের খসড়া অনুমোদিত হয়

5. এবছর 'অস্কার'এ 'সেরা চলচ্চিত্র'এর পুরস্কার পেয়েছে কোন চলচ্চিত্র?
(A) One Battle After Another (B) Oppenheimer (C) Barbie (D) Killers of the Flower Moon

6. 'পদ্মভূষণ' পুরস্কার কোন বিশেষ দিনে ঘোষণা করা হয়?
(A) স্বাধীনতা দিবস (B) সংবিধান দিবস (C) প্রজাতন্ত্র দিবস (D) শিক্ষক দিবস

7. গান্ধীজীকে চম্পারণে কে আমন্ত্রণ করেন?
(A) রাজকুমার শুক্লা (B) ব্রজকিশোর প্রসাদ (C) জওহরলাল নেহরু (D) বালগঙ্গাধর তিলক

8. কোন সংগঠনটি তার সদস্য দেশগুলিকে আর্থিক সহায়তা প্রদান করে, যখন তারা 'ব্যালান্স অফ পেমেন্টস' সমস্যায় পড়ে?
(A) UNICEF (B) UNDP (C) IMF (D) UNESCO

9. বিশ্বের প্রথম চার অঙ্গহীন তিরন্দাজ চ্যাম্পিয়ন কে?
(A) পায়েল নাগ (B) শীতল দেবী (C) দীপিকা কুমারী (D) লক্ষ্মীরাণী মাজি

10. প্রথম রাজারাজা চোল কোন মন্দির নির্মাণ করেন?
(A) কোনার্ক (B) বৃহদেশ্বর (C) মীনাক্ষী (D) খাজুরাহো

11. বিশ্বের বৃহত্তম লবণাক্ত জলাশয় কোনটি?
(A) কাস্পিয়ান সাগর (B) ডেড সি (C) আরাল সাগর (D) লেক উর্মিয়া

12. নীচের কোনটি 'ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য স্থান' নয়?
(A) অজন্তা গুহা (B) সুন্দরবন (C) গেটওয়ে অফ ইন্ডিয়া (D) হাম্পি

13. ভারতে তুলা চাষের জন্য সর্বাধিক উপযোগী জলবায়ু কোনটি?
(A) শীতল ও আর্দ্র জলবায়ু (B) উষ্ণ ও শুষ্ক জলবায়ু (C) অতিবৃষ্টি যুক্ত জলবায়ু (D) তুন্দ্রা জলবায়ু

14. ভারতের প্রথম মানব মহাকাশ মিশন প্রকল্পের নাম কী?
(A) মঙ্গলযান (B) চন্দ্রযান (C) গগনযান (D) অ্যাস্ট্রোস্যাট

15. ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদে কোনো রাজ্যের নাম বা সীমানা পরিবর্তনের ব্যাপারে বর্ণিত আছে?
(A) Art 2 (B) Art 3 (C) Art 15 (D) Art 21

16. অসমে আবিষ্কৃত কোন প্রজাপতি প্রজাতিটির নামকরণ করা হয়েছে জনপ্রিয় গায়কের নামে?
(A) Papilio polytes (B) Euthalia zubeengargi (C) Danaus chrysippus (D) Pieris brassicae

17. 'নাসা'র আর্টেমিস প্রোগ্রামের প্রধান উদ্দেশ্য কী?
(A) মঙ্গল গ্রহে জল খোঁজা (B) চাঁদে আবার মানুষ পাঠানো (C) সূর্য পর্যবেক্ষণ (D) পৃথিবীর আবহাওয়া বিশ্লেষণ

18. নীচের কোনটি প্রাকৃতিকভাবে পাওয়া যায়?
(A) প্লুটোনিয়াম (B) নেপচুনিয়াম (C) ইউরেনিয়াম (D) কিউরিয়াম

19. হিমালয়ের কোন রেঞ্জটি কাশ্মীর উপত্যকাকে ভারতের সমতল অঞ্চল থেকে আলাদা করে?
(A) জাস্কর রেঞ্জ (B) পীর পঞ্জাল রেঞ্জ (C) কারাকোরাম রেঞ্জ (D) শিবালিক রেঞ্জ

20. Wildlife Protection Act, 1972 (বন্যপ্রাণী সংরক্ষণ আইন) অনুযায়ী নীচের Schedule-I প্রাণীরা কেমন সুরক্ষা পায়?
(A) কম (B) মাঝারি (C) সর্বোচ্চ (D) কোনোটিই নয়

21. নতুন প্রজাতি আবিষ্কারের ক্ষেত্রে ভারতের কোন অঞ্চলকে 'Biodiversity Hotspot' বলা হয়?
(A) লাদাখ (B) ওয়েস্টার্ন ঘাট (C) পাঞ্জাব প্লেনস (D) কচ্ছের রান

22. সুপ্রিম কোর্টের বিচারপতি হতে নীচের কোনটি বিকল্প যোগ্যতা?
(A) অন্তত 10 বছর হাই কোর্টে বিচারপতি হিসাবে কাজ (B) অন্তত 5 বছর জেলা জজ (C) অন্তত 15 বছর আইন মন্ত্রকে কাজ (D) অন্তত 10 বছর রাজ্যপাল

23. **Assertion (A) :** রেপো রেট কমালে অর্থনীতি দ্রুত বাড়ে।
**Reason (R) :** ঋণ সস্তা হলে বিনিয়োগ ও খরচ বাড়ে।
(A) A ও R উভয়ই সঠিক (B) A ভুল, কিন্তু R সঠিক (C) A সঠিক, কিন্তু R ভুল (D) A ও R উভয়ই ভুল

## RAIL Exam

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate – Advt. No. 7/2025) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,০৫০টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্ট (CBT-I) হবে ৭, ৮ ও ৯ মে, ১৩ ও ১৪ জুন আর ১৬ থেকে ২১ জুন। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **অলকানন্দা রায়।**

24. রাজস্ব সংস্কার মূলত কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত?
(A) ব্যাঙ্কিং ব্যবস্থা (B) সরকারি আয় ও ব্যয় (C) কৃষি (D) প্রতিরক্ষা ব্যবস্থা

25. **Assertion (A) :** অর্থবিল শুধুমাত্র লোকসভায় প্রথমে পেশ করা যায়।
**Reason (R) :** রাজ্যসভা অর্থবিল সংশোধন বা প্রত্যাখ্যান করতে পারে।
(A) A ও B উভয়ই সঠিক ও B, A-এর সঠিক ব্যাখ্যা (B) A ও B উভয়ই সঠিক, কিন্তু R ব্যাখ্যা নয় (C) A সঠিক, কিন্তু R ভুল (D) A ভুল, কিন্তু R সঠিক

26. "Gig Workers Scheme" (2025) প্রধানত কোন শ্রেণির মানুষের জন্য?
(A) সরকারি কর্মচারী (B) কৃষক (C) অনলাইন ও গিগ কর্মী (D) শিক্ষার্থী

27. মধ্য প্রদেশের এআই ফরেস্ট অ্যালার্ট সিস্টেম প্রধানত কোন প্রযুক্তির ওপর ভিত্তি করে তৈরি?
(A) Blockchain only (B) Satellite + AI/ML integration (C) Manual servey system (D) GPS tracking only

28. 'আন্তর্জাতিক নারী দিবস' কবে পালিত হয়?
(A) 5 সেপ্টেম্বর (B) 8 মার্চ (C) 2 অক্টোবর (D) 1 মে

29. ভারতের খাদ্য সহায়তা কর্মসূচি সাধারণত কোন সংস্থার মাধ্যমে পরিচালিত হয়?
(A) WHO (B) UNICEF (C) WFP (D) IMF

30. 'মালাবার মহড়া' কোন চার দেশের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়?
(A) ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, অস্ট্রেলিয়া (B) ভারত, রাশিয়া, চিন, জাপান (C) ভারত, ফ্রান্স, জার্মানি, ইতালি (D) ভারত, যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা

31. রেডক্স বিক্রিয়ায় কী ঘটে?
(A) শুধু জারণ (B) শুধু বিজারণ (C) জারণ ও বিজারণ উভয়ই (D) কোনোটিই নয়

32. ভারতে দ্বৈত শাসন ব্যবস্থা কোন আইনের মাধ্যমে প্রবর্তিত হয়েছিল?
(A) GOI Act 1919 (B) GOI Act 1909 (C) GOI Act 1935 (D) GOI Act 1947

33. ঘূর্ণিঝড় 'রেমাল'এর নাম দিয়েছে কোন দেশ?
(A) ভারত (B) ওমান (C) কাতার (D) বাংলাদেশ

34. Column A কে Column B-এর সঙ্গে মেলান:

| Column A | Column B |
|---|---|
| 1. RBI Governor | A. R. Venkataramani |
| 2. CJI | B. Surya Kant |
| 3. UPSC Chairman | C. Dr. Ajay Kumar |
| 4. Attorney General | D. Sanjay Malhotra |

(A) 1-D, 2-B, 3-C, 4-A (B) 1-A, 2-C, 3-B, 4-D (C) 1-C, 2-D, 3-A, 4-B (D) 1-D, 2-C, 3-A, 4-B

35. নির্বাচনী বন্ড জারি করার জন্য একমাত্র অনুমোদিত ব্যাঙ্ক কোনটি ছিল?
(A) পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (B) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (C) ব্যাঙ্ক অফ বরোদা (D) আইসিআইসিআই ব্যাঙ্ক

36. 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ'এর প্রধান কে?
(A) ভারতের রাষ্ট্রপতি (B) ভারতের প্রধানমন্ত্রী (C) স্বরাষ্ট্রমন্ত্রী (D) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

37. নীচের কোনটি Programming Language নয়?
(A) Python (B) Java (C) HTML (D) C++

38. নীচের কোনটি অপারেটিং সিস্টেম নয়?
(A) Windows (B) Linux (C) Oracle (D) maeOS

39. RIDF (Rural Infrastructure Development Fund) কে মূলত অর্থ দেয়?
(A) আরবিআই (B) বাণিজ্যিক ব্যাঙ্কগুলি (C) নাবার্ড (D) রাজ্য সরকারগুলি

40. BECA (Basic Exchange and Cooperation Agreement) প্রধানত কী সম্পর্কিত?
(A) বাণিজ্য তথ্য (B) ভূ-স্থানিক ও স্যাটেলাইট ডাটা শেয়ারিং (C) পারমাণবিক প্রযুক্তি (D) নৌবাণিজ্য চুক্তি

41. নীচের সিরিজে প্রশ্নবোধক চিহ্ন (?) স্থানে কী বসবে?
100, 121, 144, 169, ?
(A) 196 (B) 197 (C) 198 (D) 200

42. নীচের কোন letter number ক্লাস্টারটি প্রশ্নবোধক চিহ্ন (?) স্থানে বসালে সিরিজটি সঠিকভাবে সম্পূর্ণ হবে?
AFC 2, CEG 4, EGI 6, GIK 8, ?
(A) IKL 10 (B) IKL 9 (C) JKM 10 (D) IKM 10

43. সিরিজটিতে প্রশ্নচিহ্ন (?) স্থানে কী বসবে?
109, ?, 949, 1681, 2621
(A) 621 (B) 465 (C) 425 (D) 562

44. এক টি ক্লাসে মোট 50 জন ছাত্র। D-এর র‍্যাঙ্ক ওপর থেকে 20তম। নীচ থেকে তার র‍্যাঙ্ক কত?
(A) 29 (B) 30 (C) 31 (D) 32

45. **বিবৃতি :** কিছু কুকুর হল প্রাণী।
সব প্রাণী হল জীব।
**সিদ্ধান্ত :** (i) কিছু কুকুর হল জীব।
(ii) সব জীব হল প্রাণী।
(A) শুধুমাত্র I (B) শুধুমাত্র II (C) উভয়ই (D) কোনোটি নয়

46. নীচের সিরিজটি লক্ষ্য করুন:
3 5 7 ? 2 # 4 * 6 @ 9 # 1
কতগুলি Symbol আছে যেগুলির আগে ও পরে

## রেলের এন.টি.পি.সি

উভয়ই সংখ্যা?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

47. M, N-এর পূর্বে আছে, P, N-এর উত্তরে আছে, Q, P-এর পশ্চিমে আছে, R, Q-এর দক্ষিণে আছে। R-এর সাপেক্ষে M-এর অবস্থান কী?
(A) উত্তর-পূর্ব (B) দক্ষিণ-পূর্ব (C) উত্তর-পশ্চিম (D) দক্ষিণ-পশ্চিম

48. নীচের সংখ্যা : 462, 351, 784, 593, 216
যদি প্রতিটি সংখ্যার শেষ অঙ্ক থেকে 1 বিয়োগ করা হয়, কতগুলি সংখ্যায় প্রথম অঙ্ক দ্বিতীয় অঙ্ক দিয়ে বিভাজ্য হবে?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

49. M @ N, মানে M হল N-এর বাবা,
M # N, মানে N হল M এর স্ত্রী,
M $ N, মানে M হল N-এর মা,
তাহলে P @ Q # R $ S এই ক্ষেত্রে P, S এর কী হয়?
(A) কাকা (B) মামা (C) ভাই (D) ঠাকুরদাদা

50. "CAT" শব্দটি কোড করা হয়েছে "DBU" হিসাবে। তাহলে "DOG"এর কোড কী হবে?
(A) EPH (B) EPH (C) FQI (D) EQH

51. 8 জন ব্যক্তি A, B, C, D, E, F, G, H একটি সারিতে বসে আছে। (সবাই একই দিকে মুখ করে আছে না — নির্দিষ্ট নয়)।
শর্তগুলি :
A, G-এর বামে 2 জন দূরে আছে
D, A-এর ঠিক পাশে নেই
F, সারির একদম প্রান্তে আছে
E, C-এর ডানদিকে তৃতীয় অবস্থানে আছে
B, F-এর প্রতিবেশী নয়
H, D-এর ডানদিকে আছে
মাঝখানে (চতুর্থ অবস্থানে) কে আছে?
(A) A (B) C (C) E (D) H

52. তিনজন ব্যক্তি A, B ও C কালো, নীল ও কমলা রঙের শার্ট পরেছিল, (Not Necessary in that order), আর সবুজ, হলুদ ও কমলা রঙের প্যান্ট পরেছিল, (Not necessary in that order)। কোন ব্যক্তি একই রঙের শার্ট ও প্যান্ট পরেনি। আরও বলা হয়েছে যে :
A কালো রঙের শার্ট পরেনি। B নীল রঙের শার্ট পরেনি। C কমলা রঙের শার্ট পরেনি। A সবুজ রঙের প্যান্ট পরেনি। B কমলা রঙের প্যান্ট পরেছিল।
C কোন রঙের প্যান্ট ও শার্ট পরেছিল?
(A) কমলা ও কালো (B) সবুজ ও নীল (C) হলুদ ও নীল (D) হলুদ ও কালো

53. গীতা, সীতার থেকে বেশি সুন্দর কিন্তু রীতার মতো এতটা সুন্দর নয়। তাহলে নীচের কোনটি সঠিক?
(A) সীতা, রীতার মতো এতটা সুন্দর নয় (B) সীতা, রীতার থেকে বেশি সুন্দর (C) রীতা, গীতার মতো এতটা সুন্দর নয় (D) গীতা, রীতার থেকে বেশি সুন্দর

54. মনে করি, A হল B-এর ভাই, C হল A-এর বাবা, D হল E-এর ভাই, E হল B-এর মেয়ে। তাহলে, D-এর কাকা কে?
(A) B (B) A (C) D (D) C

55. সংখ্যা 78432916-এর প্রতিটি জোড় অঙ্কের সঙ্গে 1 যোগ করা হবে ও প্রতিটি বিজোড় অঙ্ক থেকে 1 বিয়োগ করা হবে। এভাবে নতুন যে সংখ্যাটি তৈরি হবে, তাতে কতটি অঙ্ক একাধিকবার হয়েছে?
(A) 0টি (B) 2টি (C) 3টি (D) 4টি

56. নীচের সমীকরণে '+' ও '–' চিহ্ন পরস্পর পরিবর্তন করা হবে আর '×' ও '÷' চিহ্নও পরস্পর পরিবর্তন করা হবে। তাহলে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কত হবে?
57 × 3 – 11 ÷ 7 + 42 = ?
(A) 62 (B) 64 (C) 66 (D) None

57. একটি নির্দিষ্ট কোড ভাষায়, 'BORN'কে '3257' ও 'RIPE' কে '6142' হিসাবে কোড করা হয়েছে। তাহলে ওই কোড ভাষায় 'R' এর কোড কী?
(A) 5 (B) 6 (C) 7 (D) 2

58. একটি নির্দিষ্ট কোড ভাষায়, 'CAME' কে '6781' ও 'RACE' কে '5618' হিসাবে কোড করা হয়েছে। তাহলে ওই কোড ভাষায় 'R' এর কোড কী?
(A) 5 (B) 6 (C) 7 (D) 8

59. নীচের ধারাটিতে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কোন সংখ্যা বসবে?
91, 102, 119, 142, 171, ?
(A) 204 (B) 206 (C) 208 (D) 210

60. দিবেশ বিন্দু D থেকে যাত্রা শুরু করে দক্ষিণ দিকে 3 কিলোমিটার দৌড়ায়। এরপর সে ডানদিকে ঘুরে 4 কিলোমিটার দৌড়ায়। তারপর


# রেলের এন.টি.পি.সি


সে বামদিকে ঘুরে 3 কিলোমিটার দৌড়ায়। এরপর আবার বামদিকে ঘুরে 4 কিলোমিটার দৌড়ায়। সবশেষে সে ডানদিকে ঘুরে 1 কিলোমিটার দৌড়ে বিন্দু E-তে পৌঁছায়। তাহলে আবার বিন্দু D তে পৌঁছাতে হলে তাকে সর্বনিম্ন কত দূরত্ব ও কোন দিকে দৌড়াতে হবে? (সব ঘূর্ণন 90 ডিগ্রি কোণে হয়েছে)

(A) 7 কিলোমিটার, উত্তর দিকে (B) 1 কিলোমিটার, দক্ষিণ দিকে
(C) 2 কিলোমিটার, উত্তর দিকে (D) 3 কিলোমিটার, দক্ষিণ দিকে

**61.** একটি কোড ভাষায় 'BEAUTY' লেখা হয় 'WRSYCZ', একই ভাষায় NATURE কীভাবে লেখা হবে?
(A) CPSRYL (B) PCVWTG (C) GPWRCL (D) GTWVCP

**62.** প্রদত্ত সমীকরণটি ঠিক করতে কোন দু'টি চিহ্নের বিনিময় করা উচিত?
$36 - 6 \div 6 \times 6 + 30 = 0$
(A) – ও ÷ (B) – ও + (C) + ও × (D) ÷ ও ×

**63.**


প্রশ্নচিহ্ন স্থানে কোন চিত্র বসবে?


**64.** নীচের সিরিজে '?' চিহ্ন স্থানে কোন সংখ্যা বসবে?
17, 20, 30, 45, 71, 106, ?
(A) 156 (B) 171 (C) 143 (D) 167

**65.** প্রথম টার্মের সঙ্গে দ্বিতীয় টার্ম যেভাবে সম্পর্কিত, তৃতীয় টার্মের সঙ্গে সম্পর্কিত বিকল্পটি নির্বাচন করুন।
টক : মিষ্টি : : বন্য : ?
(A) খোঁড়া (B) গৃহপালিত (C) বন (D) লবণাক্ত

**66.** যদি DEAF = 123 হয়, CAN = 45 হয়, তাহলে BEAK = ?
(A) 113 (B) 109 (C) 93 (D) 126

**67.** RUY, DGK, PSW, ?
(A) BEH (B) ADH (C) BEI (D) ADG


**68.**


| | |
|---|---|
| 84 | |
| 14 | 12 |


| | |
|---|---|
| 81 | |
| 18 | 9 |

| | |
|---|---|
| 88 | |
| ? | 11 |

? চিহ্ন স্থানে কোন সংখ্যা বসবে?
(A) 7 (B) 16 (C) 21 (D) 28

**69.**


'?' চিহ্ন স্থানে নীচের কোন চিত্রটি বসবে?

(A) (B) (C) (D) কোনোটিই নয়

**70.**


চিত্রে কতগুলি ত্রিভুজ আছে?
(A) 28 (B) 24 (C) 20 (D) 16

**71.** x এর 50% = $\sqrt{275 \times 10^2 + 250 \times 10^2 \times 7}$ হলে x এর মান কত?
(A) 800 (B) 500 (C) 700 (D) 900

**72.** 'K' এর 55% যদি 'L' এর 65% এর সমান হয় আর K ও L-এর গড় যদি K-এর থেকে 25 কম হয়, তাহলে L-এর 40% কত?
(A) 110 (B) 360 (C) 165 (D) 170

**73.** একটি আয়তক্ষেত্রের পরিমাপ তার প্রস্থের 5.5 গুণ আর আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য 35 মিটার, তাহলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত বর্গমিটার?
(A) 800 (B) 525 (C) 700 (D) 625

**74.** মোট লাভের এক তৃতীয়াংশ A পায় ও বাকি অংশ B ও C-এর মধ্যে 11 : 14 অনুপাতে বিভাজিত হয়। যদি C ও A-এর প্রাপ্ত লাভের পার্থক্য 300 হয়, তবে B-এর লাভ কত?
(A) 8300 (B) 7500 (C) 1350 (D) 8700

**75.** একজন 432 কিলোমিটার পথ 72 কিলোমিটার/ঘণ্টা বেগে অতিক্রম করেন, এরপর 275 কিলোমিটার পথ 55 কিলোমিটার/ঘণ্টা বেগে আর শেষে 680 কিলোমিটার পথ 85 কিলোমিটার/ঘণ্টা বেগে অতিক্রম করেন। পুরো যাত্রার গড় বেগ কত? (কিলোমিটার/ঘণ্টায়)
(A) 83 (B) 63 (C) 73 (D) 37

**76.** দু'টি সংখ্যার গ.সা.গু 42 আর ল.সা.গু. 3024. একটি সংখ্যা 126 হলে, অন্যটি কত?
(A) 1024 (B) 1304 (C) 1202 (D) 1008

**77.** একটি ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে 40 সেন্টিমিটার, 42 সেন্টিমিটার আর 58 সেন্টিমিটার। ক্ষেত্রফল নির্ণয় করুন।
(A) 840 (B) 740 (C) 680 (D) 470

**78.** মিতা 1,250 টাকায় একটি জ্যাকেট কিনলো, পালিশ করতে 50 টাকা খরচ হল, পরে এটি 1,400 টাকায় বিক্রি করল। লাভের শতকরা হার কত?
(A) 6.66% (B) 8.29% (C) 7.28% (D) 7.69%

**79.** A, 12 ঘণ্টায় ট্যাঙ্ক ভরাট করে। B, 18 ঘণ্টায় ট্যাঙ্ক ভরাট করে। যদি ট্যাঙ্ক অর্ধেক ভরা থাকে, দু'টি পাইপ খুললে কত সময় লাগবে? (ঘণ্টায়)
(A) 3.6 (B) 5.6 (C) 6.6 (D) 7.6

**80.** একটি 350 মিটার ট্রেন 72 km/hr গতিতে চলছে। বিপরীত দিক থেকে 250 মিটার দৈর্ঘ্যের ট্রেন 54 km/hr গতিতে আসছে। দু'টি ট্রেন একে অন্যকে অতিক্রম করতে কত সময় লাগবে?
(A) 13.44 (B) 17.14 (C) 20 (D) 21.21

**81.** একটি হলের দৈর্ঘ্য তার প্রস্থের থেকে 7 মিটার বেশি। এর পরিসীমা 62 মিটার হলে, হলের দৈর্ঘ্য নির্ণয় করুন।
(A) 34.5 (B) 27.5 (C) 19 (D) 12

**82.** সঞ্জয় তার ছেলের থেকে 25 বছরের বড় ও সঞ্জয়ের স্ত্রীর বয়স 65 বছর। পরিবারের 3 সদস্যের গড় বয়স 58 বছর, ছেলের বয়স কত?
(A) 45 (B) 42 (C) 43 (D) 41

**83.** 11, 13, 10, 9, 8, 20, 13 এর মধ্যমা কত?
(A) 13 (B) 9 (C) 12 (D) 11

**84.** বার্ষিক নির্দিষ্ট চক্রবৃদ্ধি সুদের হারে 10,000 টাকা 2 বছরে সমূল চক্রবৃদ্ধিতে 11,025 টাকা হয়। বার্ষিক সুদের হার কত?
(A) 3% (B) 4% (C) 5% (D) 6%

**85.** $(3x+4)^2 + (3x-4)^2 + (3x+4)(3x-4)$ সরল করুন।
(A) $27x^2 - 16$ (B) $27x^2 + 16$
(C) $27x^2+48x+32$ (D) $27x^2 - 24x + 16$

**86.** 150 টাকাকে দু'টি ভাগে ভাগ করা হল। প্রথম ভাগটি দ্বিতীয় ভাগের তিন গুণের থেকে 2 টাকা বেশি। দ্বিতীয় ভাগটি কত?
(A) 37 (B) 35 (C) 115 (D) 113

**87.** একটি সুষম ষড়ভুজের প্রতিটি অন্তঃকোণের মান কত?
(A) 135° (B) 45° (C) 120° (D) 80°

**88.** P, Q এর থেকে দ্বিগুণ দক্ষ। Q একটি কাজ শেষ করতে 12 দিন সময় নেয়। দু'জনে একসঙ্গে কাজ করলে কাজ শেষ করতে কত সময় লাগবে?
(A) 6 দিন (B) 4 দিন (C) 5 দিন (D) 3 দিন

**89.** যদি 6, 18, 39 ও x সমানুপাতে থাকে, তাহলে x-এর মান নির্ণয় করুন।
(A) 117 (B) 112 (C) 139 (D) 115

**90.** $x+y+z = 11$ ও $xy+yz+zx = 42$, $x^2+y^2+z^2$ এর মান কত?
(A) 37 (B) 43 (C) 41 (D) 39

**91.** তিন অঙ্কের এমন বৃহত্তম সংখ্যা ও চার অঙ্কের এমন ক্ষুদ্রতম সংখ্যা যাদের গ.সা.গু 24, সেই সংখ্যা দু'টির সমষ্টি নির্ণয় করুন।
(A) 1992 (B) 1892 (C) 1998 (D) 1989

**92.** $\sqrt{150} - \sqrt{54} - \sqrt{24}$ এর মান নির্ণয় করুন।
(A) 1 (B) 0 (C) 72 (D) 75

**93.** একটি সমবাহু ত্রিভুজ ABC এর পার্শ্ববাহু হল 28 cm, অন্য একটি ত্রিভুজ (সমবাহু) PQR-এর পার্শ্ববাহুর মান নির্ধারণ করুন, যার ক্ষেত্রফল ত্রিভুজ ABC-এর ক্ষেত্রফলের 16 গুণ হবে।
(A) 102 cm (B) 56 cm (C) 122 cm (D) 112 cm

**94.** বনি ও তনির বয়সের অনুপাত 1 : 2, 7 বছর পর তাদের বয়সের অনুপাত হবে 3 : 5, বড় জনের বয়স কত?
(A) 32 (B) 24 (C) 28 (D) 20

**95.** $78 \div [-4+(-3) \text{ of } \{27 \div (-18 \div -2)\}] = ?$
(A) 15.6 (B) –6 (C) 6 (D) 13

**96.** 40 সংখ্যাটি পেতে হলে, $6\frac{2}{9}$ ভগ্নাংশটিকে কত দিয়ে গুণ করতে হবে?
(A) $3\frac{5}{7}$ (B) $6\frac{3}{7}$ (C) $7\frac{3}{7}$ (D) $8\frac{3}{7}$

**97.** একটি দোকানদার 12 টাকা মূল্যে 8টি আম কিনলো ও 10 টাকা মূল্য দরে 6টি বিক্রি করল। শতকরা লাভ নির্ণয় করুন।
(A) $\frac{100}{9}\%$ (B) $\frac{100}{3}\%$ (C) 10% (D) 50%

**98.** যদি $\sin A = \frac{a}{b}$ হয়, তবে CosA এর মান কত?
(A) $\frac{\sqrt{b^2+a^2}}{b}$ (B) $\frac{b}{a^2+b^2}$ (C) $b/a$ (D) $\frac{\sqrt{b^2-a^2}}{b}$

**99.** $\frac{0.064+0.027}{0.16-0.12+0.09}$ এর মান কত হবে?
(A) 0.9 (B) 0.7 (C) 0.07 (D) 0.09

**100.** $19 \div 5 \text{ of } (27 - 15 + 21) + 30$
(A) $\frac{4596}{173}$ (B) $\frac{4499}{163}$ (C) $\frac{4969}{165}$ (D) $\frac{3346}{165}$

## উত্তর

1(B). 2(B). 3(A). 4(C). 5(A). 6(C). 7(A). 8(C). 9(A). 10(B). 11(A). 12(C). 13(B). 14(C). 15(B). 16(B). 17(B). 18(C). 19(B). 20(C). 21(B). 22(A). 23(A). 24(B). 25(C). 26(C). 27(B). 28(B). 29(C). 30(A). 31(C). 32(A). 33(C). 34(A). 35(B). 36(B). 37(C). 38(C). 39(B). 40(B). 41(A). 42(A). 43(C). 44(B). 45(A). 46(B). 47(A). 48(B). 49(D). 50(A). 51(B). 52(C). 53(A). 54(B). 55(A). 56(D). 57(D). 58(A). 59(B). 60(A). 61(A). 62(A). 63(D). 64(A). 65(B). 66(A). 67(C). 68(B). 69(C). 70(A).

**71(D).** x এর 50%
$= \sqrt{275 \times 10^2 + 250 \times 10^2 \times 7}$
$= \sqrt{25 \times 11 \times 100 + 25 \times 70 \times 100}$
$= 5 \times 10\sqrt{(11+70)} = 5 \times 10 \times 9$
$\therefore x = 5 \times 10 \times 9 \times \frac{100}{50} = 900$

**72(A).** 55% K = 65% L
$\frac{K}{L} = \frac{13}{11} = \frac{13x+11x}{2} = 13x-25$ (প্রশ্ন অনুযায়ী) x = 25.
এখন 40% of L = $\frac{40}{100} \times 11 \times 25 = 110$.

**73(C). 74(B).**

**75(C).** সময় 1st : $432 \div 72 \rightarrow 6$
2nd : $275 \div 55 \rightarrow 5$
3rd : $680 \div 85 \rightarrow 8$
গড় বেগ : $1387/19 \rightarrow 73$ কিমি/ঘণ্টা

**76(D).** $42 \times 3024 = 126x$
x = 1008 (সমাধান করে)

**77(A). 78(D).**

**79(A).** A+B (1 ঘণ্টায় কাজ) $\frac{1}{12}+\frac{1}{18} \rightarrow \frac{5}{36}$
মোট কাজ = অর্ধেক = $\frac{1}{2}$
সময় $\rightarrow \frac{\frac{1}{2}}{\frac{5}{36}} = 3.6$ ঘণ্টা।

**80(B).** Relative speed : 72+54 = 126 km/hr.
$= 126 \times \frac{1000}{3600}$ M/S = 35 m/s
সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{35} = \frac{350+250}{25} = 17.14$

**81(C). 82(B).**

**83(D).** 8, 9, 10, 11, 13, 13, 20 [ উর্ধ্বক্রম / নিম্নক্রম ]
একটি সংখ্যা তাই একটিই মধ্যমা
দু'টি হলে তাদের গড় → মধ্যমা

**84(C).**

**85(B).** 3x → a, 4 → b
$(a+b)^2 + (a-b)^2 + (a+b)(a-b)$
$\rightarrow 2(a^2+b^2) + (a^2-b^2) \rightarrow 2(9x^2+16) + (9x^2-16)$.
$\rightarrow 18x^2+16+9x^2 \rightarrow 27x^2+16$

**86(A).**

**87(C).**

**88(B).** P : Q
2 : 1 ⇒ efficiency (দক্ষতা)
মোট কাজ → (1× 12) → 12 unit
মোট দক্ষতা → (2+1) → 3 unit
সময় $\rightarrow \frac{\text{কাজ}}{\text{দক্ষতা}} \rightarrow \frac{12}{3} \rightarrow 4$

**89(A).** 6 : 18 : : 39 : x
$x = \frac{18 \times 39}{6} \rightarrow 117$.

**90(A).**

**91(A).** 24 ) 999 ( 41
96
39
24
15

অর্থাৎ 999 থেকে 15 বিয়োগ করলে প্রাপ্ত সংখ্যা 984 (যা 24 দিয়ে বিভাজ্য)
চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা → 1000
1000 ÷ 24 = 41, ভাগশেষ 16
∴ পরবর্তী গুণিতক 24 × 42 = 1008
1008
+984
1992

**92(B). 93(D).**

**94(C).** বনি : তনি
(1 : 2) × 2
$1 <^{2}_{3}$ : $^{4}_{5}> 1$
7 বছর পর বড় জন → 4×7→28

**95(B). 96(B).**

**97(A).** 8 —— 12×3 → 36
6 —— 10×4 → 40
লাভ $\rightarrow \frac{40-36}{36} \times 100\% \rightarrow \frac{100}{9}\%$

**98(A).** Sin A → —— → $\frac{a}{b}$
Cos A → ——
ভূমি = $\sqrt{b^2-a^2}$
তাহলে, Cos A → $\frac{\sqrt{b^2-a^2}}{b}$

**99(B).** $\frac{(0.4)^3+(0.3)^3}{(0.4)^2-0.4 \times 0.3+(0.3)^2}$
⇒ Solve as per $a^3 + b^3 \rightarrow (a+b)(a^2 - ab + b^2)$
⇒ 0.7

**100(C).**

# আদালতে ৪৭ অপারেটর

নিজস্ব সংবাদদাতা, পটনা : পটনা হাই কোর্ট 'কম্পিউটার অপারেটর কাম টাইপিস্ট' পদে ৪৭ জন ছেলেমেয়ে নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটেরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। ইংরিজি ও হিন্দি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি ও ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৪, বি.সি. ৫, ই.বি.সি. ৯, তঃজাঃ ৭)। এর মধ্যে মহিলা ১৫টি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'স্ক্রীনিং বা, প্রিলিমিনারি টেস্ট' হবে। তারপর হবে ইংরিজি ও হিন্দি টাইপিং টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : PHC/02/2026 dated 10.04.2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://patnahighcourt.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ৩,০০৩ ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, স্টেনো

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট, মেকানিক (ইলেক্ট্রিক কাম ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট), ড্রাফটসম্যান (জুনিয়র), ফিল্ডম্যান, ডেপুটি রেঞ্জার, ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (জিওফিজিক্স), জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি, জিওফিজিক্স), ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড- । ও ।।, টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং), ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (কেমিক্যাল, জিওলজি), জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ড্রিলিং), পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (জিওফিজিক্স), স্টোর্স ক্লার্ক, স্টোর অ্যাটেন্ড্যান্ট, স্টোরকীপার কাম কেয়ারটেকার, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, আর্টিস্ট গ্রেড-।, ট্যাক্সিডার্মিস্ট গ্রেড-।।।, ফিল্ড কালেক্টর, মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড), সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (উইথ মাল্টিটাস্কিং), ফটোগ্রাফার গ্রেড-।।।, অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টিটাস্কিং স্টাফ), সিনিয়র ড্রাফটসম্যান, ফিল্ড কাম ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট ইত্যাদি পদে ৩,০০৩ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের মাধ্যমে।

**পূর্বাঞ্চলে মোট শূন্যপদ ২৫৭টি। নেওয়া হবে এইসব পদে :**

**পোস্ট কোড : ER10126: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER10226: প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট কাম -গার্ডেন অবজার্ভার :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER10326: সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER10426: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER10526: বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER10626: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER10726: সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (বায়োলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER10826: সিনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER10926: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে সেন্ট্রাল ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরিতে।

**পোস্ট কোড : ER11126: স্টেনোগ্রাফার (গ্রেড-।) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে সেন্ট্রাল সিল্ক বোর্ডে।

**পোস্ট কোড : ER11326: ফিল্ড অ্যাসিস্ট্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে সেন্ট্রাল সিল্ক বোর্ডে।

**পোস্ট কোড : ER11426: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২২ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে ডিরেক্টরেট জেনারেল অফ মাইন্স সেফটিতে।

**পোস্ট কোড : ER11526: মেকানিক (ইলেক্ট্রিক কাম ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট) :** উচ্চমাধ্যমিক বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে ডিরেক্টরেট অফ প্ল্যান্ট প্রোটেকশনে।

**পোস্ট কোড : ER11626: ড্রাফটসম্যান (জুনিয়র) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। চাকরি হবে ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER11726: ফিল্ডম্যান :** উচ্চমাধ্যমিক বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৬, তঃজাঃ ৩)। চাকরি হবে ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER11826: ডেপুটি রেঞ্জার :** উচ্চমাধ্যমিক বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER11926: ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (জিও-ফিজিক্স) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12026: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওলজি) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৮, তঃজাঃ ২, ও.বি.সি. ৩)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12126: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (জিওফিজিক্স) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ )। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12226: ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।। :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ )। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডয়াতে।

**পোস্ট কোড : ER12326: ড্রিলিং অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12426: টেকনিক্যাল অপারেটর (ড্রিলিং) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12526: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (কেমিক্যাল) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12626: ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-।।। (জিওলজি) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12726: জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ড্রিলিং) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12826: পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫১টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER12926: অ্যাকাউন্ট্যান্ট :** ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13026: ল্যাব অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (জিওফিজিক্স) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13126: স্টোর্স ক্লার্ক :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13226: স্টোর অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13326: স্টোরকীপার কাম কেয়ার টেকার :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (ও.বি.সি.)। চাকরি হবে ন্যাশনাল মিউজিয়াম অফ ন্যাচারাল হিস্ট্রিতে।

**পোস্ট কোড : ER13426: ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে ন্যাশনাল টেস্ট হাউসে।

**পোস্ট কোড : ER13526: আর্টিস্ট গ্রেড-। :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13626: ট্যাক্সিডারমিস্ট :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13726: ফিল্ড কালেক্টর :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদম করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13826: মোটর ড্রাইভার (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশরা ড্রাইভিং যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER13926: সিনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER14026: ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (উইথ মাল্টিটাস্কিং) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৯, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER14126: ফটোগ্রাফার গ্রেড-।।। :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER14226: অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টিটাস্কিং স্টাফ) :** মাধ্যমিক পাশপ্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়াতে।

**পোস্ট কোড : ER14326: সিনিয়র ড্রাফটসম্যান :** উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টে।

**পোস্ট কোড : ER14426: ফিল্ড কাম ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে ন্যাশনাল সেন্টার ফর অর্গানিক অ্যান্ড ন্যাচারাল ফার্মিং।

**পোস্ট কোড : ER14526: অ্যাকাউন্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। চাকরি হবে ন্যাশনাল সেন্টার ফর অর্গানিক অ্যান্ড ন্যাচারাল ফার্মিং।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৬'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : Phase -XIV/2026/Selection Posts. File No. HQ-RHQS015/1/2026/C-4.

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা হবে কম্পিউটার বেসড মোডে, জুন মাস নাগাদ। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে এক ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে যে পদের যোগ্যতা যেমন আছে, সেই পদ অনুযায়ী। যেমন, যে পদের জন্য যোগ্যতা মাধ্যমিক, সেক্ষেত্রে প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এ বিষয়ে বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। পূর্বাঞ্চলের বেলায় পরীক্ষা হবে কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), সিউড়ি (৪৪১৬), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর, (৪৪২৬), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৮০২), রৌরকেলা (৪৬১০), কটক (৪৬০৫), রাঁচী (৪২০৫)।

সফল হলে সংশ্লিষ্ট রিজিয়ন অফিসে স্কিল টেস্ট / টাইপিং টেস্ট / কম্পিউটার টেস্ট ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। অনলাইন টেস্টে সফল হলে মোট শূন্যপদের ২০ গুণ (সর্বাধিক ৫টি শূন্যপদ থাকলে) / ১০ গুণ (৫'এর বেশি শূন্যপদ হলে) প্রার্থীকে ডাকা হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন, ৫ মে'র মধ্যে। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেমে জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্তের ফর্ম এডিট করতে পারবেন ১১ মে থেকে ১৩ মে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১ হাজার সহকারী অধ্যাপক

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেওয়া হবে এই ৫১টি বিষয়ে : অ্যানথ্রোপলজি, আরবি, বাংলা, বটানি, কেমিস্ট্রি, কমার্স, কম্পিউটার সায়েন্স, ডিফেন্স স্টাডিজ, অর্থনীতি, এডুকেশন, ইলেক্ট্রনিক সায়েন্স, ইংরিজি, বি.বি.এ., বি.সি.এ., বায়োকেমিস্ট্রি, কমিউনিকেটিভ ইংলিশ, এনভায়রনমেন্টাল সায়েন্স, হিউম্যান ডেভেলপমেন্ট, হিউম্যান রাইটস, ফিজিক্যাল এডুকেশন, ভূগোল, জিওলজি, হিন্দি, ইতিহাস, জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন, আইন, মাইক্রোবায়োলজি, অঙ্ক, মলিকিউলার বায়োলজি, মিউজিক/ডান্স, নেপালী, দর্শন, ফিজিওলজি, ফিজিক্স, সাইকোলজি, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, প্ল্যান্ট প্রোটেকশন, স্ট্যাটিস্টিক্স, সোশিওলজি, ফিল্ম স্টাডিজ, ফুড অ্যান্ড নিউট্রিশন, উইমেন্স স্টাডিজ, জুলজি, সাঁওতাড়, উর্দু, ফাইন (ভিশুয়াল) আর্টস, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল ফিশ অ্যান্ড ফিশারিজ, তিব্বতী। নেওয়া হবে রাজ্যের সরকার অনুমোদিত সাধারণ ডিগ্রি কলেজগুলিতে। এজন্য প্রথমে একটি প্যানেল তৈরি করা হবে ও ওই তালিকা থেকে নিয়োগ করা হবে।

**সাধারণ ডিগ্রি কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের বেলায় :** অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী ও দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%, ১৯৯১ সালের ১৯ সেপ্টেম্বরের আগে মাস্টার ডিগ্রি কোর্স পাশরা পিএইচ.ডি. করে থাকলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। অনার্স গ্র্যাজুয়েট হলে অগ্রাধিকার পাবেন। সব ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের 'স্লেট' / 'সেট' পরীক্ষা কিংবা ইউ.জি.সি. /সি.এস.আই.আর. (নেট)'এর নেওয়া 'জুনিয়র রিসার্চ ফেলো (জে.আর.এফ.) /লেকচারারশিপ পরীক্ষায় কোয়ালিফাই (সফল) করে থাকতে হবে। ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের ইউ.জি.সি.'র নিয়মানুযায়ী যাঁরা সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করেছেন, তাঁরা 'নেট' / 'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল না হয়ে থাকলেও আবেদনের যোগ্য।

মিউজিক, পারফর্মিং আর্ট, ভিশুয়াল আর্টস ও অন্য কোনো ট্র্যাডিশনাল ইন্ডিয়ান আর্ট (স্কাল্পচার-সহ) বিষয়ের 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' পদের বেলায় সংশ্লিষ্ট বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। 'নেট' /'স্লেট' / 'সেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। ইউ.জি.সি.'র ২০০৯ কিংবা ২০১৬ (সংশোধনী) সালের নিয়মানুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি করে থাকলে নেট /সেট / স্লেট পরীক্ষা না দিয়ে থাকলেও যোগ্য।

ওপরের সব ক্ষেত্রে শতকরা হার নির্ণয়ের বেলায় কোনো গ্রেস নম্বর বা, রাউন্ডিং অফ নম্বর ধরা হবে না।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর, প্রতিবন্ধীরা (ফিজিক্যাল এডুকেশন বিভাগ ছাড়া) ১০ বছর বয়সে ছাড় পাবেন। পার্ট টাইম টিচার, অনুমোদিত চুক্তিভিত্তিক পুরো সময়ের শিক্ষকরা ৪৭ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন। মূল মাইনে : ৫৭,৭০০ টাকা। শূন্যপদ আছে প্রায় ১ হাজারের কাছাকাছি। কোন বিষয়ে ক'টি শূন্যপদ তা পরে ওয়েবসাইটে দেওয়া হবে। এই পদের বিজ্ঞপ্তি নং: 1/2026.

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'। প্রথমে ইন্টারভিউ হবে। শূন্যপদ অনুযায়ী একটিই মেধা তালিকা তৈরি করা হবে। ইন্টারভিউয়ের পর শূন্যপদের তালিকা দেওয়া হবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য সরকারি নিয়মানুযায়ী শূন্যপদ সংরক্ষিত আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ মে পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbcsconline.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২,৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, ও.বি.সি. হলে ১,২৫০) টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. কিংবা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। এরপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল, ই-চালান ও অন্যান্য প্রমাণপত্রের মূল নিয়ে যাবেন। আরো বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই ঠিকানায় : পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন, ৬, ভবানী দত্ত লেন (৫ম তল), কলকাতা-৭০০ ০৭৩।

## জীবনবিমায় ১৮০ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

কলকাতা-হাওড়া-চুঁচুড়া ৮টি, শিলিগুড়ি ১টি, উত্তর প্রদেশ ১৩টি, উত্তরাখণ্ড ১টি, তেলেঙ্গানা ২৪টি, কেরলম ৩টি, মধ্য প্রদেশ ১৮টি, মহারাষ্ট্র ২৫টি, ওড়িশা ৭টি, পঞ্জাব ১টি, রাজস্থান ১টি, সিকিম ১টি, তামিলনাড়ু ২১টি, অন্ধ্র প্রদেশ ৮টি, অসম ৩টি, বিহার ৭টি, ছত্তিশগড় ৩টি, দিল্লি ৩টি, গুজরাট ২টি, জম্মু ও কাশ্মীর ১টি, কর্ণাটক ২৯টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে জুনের প্রথম সপ্তাহে। কলকাতা, শিলিগুড়ি, রাঁচি, গ্যাংটক-বড়ডং আগরতলা, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বরে। ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) লজিক্যাল রিজনিং, (৩) জেনারেল অ্যাওয়ারনেস, (৪) নিউমেরিক্যাল এবিলিটি, (৫) কম্পিউটার স্কিল। প্রতিটি পার্টে ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন থাকবে। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ০.২৫ নম্বর কাটা যাবে। সফল হলে এরপর হবে ইন্টারভিউ। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.lichousing.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন : 'I (name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, ture and valid. I will present the supporting documents as and when required.'

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ৮০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, মেয়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট নিয়ে নেবেন। প্রার্থী বাছাই পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ইত্যাদি নিয়ে যাবেন।

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

কেরিয়ার ফেয়ার

স্থান : মালদহ ● সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

Sponsored by :

ncsm

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION






বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com